সাপ্তাহিক মুক্তকাল

ন্যায় ও ন্যায্যতার পক্ষে



জামালপুর ॥ রবিবার ০৯ নভেম্বর ২০২৫ ॥ ২৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ ॥ ১৭ রবিউল আউয়াল ১৪৪৭ হিজরী ॥ জে.এম.নং : ০৫.৪৫.৩৯০০.০১৫.১৭.০০৪.২৫.৬৯৩ ॥ বর্ষ-১ ॥ সংখ্যা-১৫ মূল্য ৫ টাকা



নির্বাচন ফেব্রুয়ারিতেই হতে হবে : মির্জা ফখরুল

স্টাফ রিপোর্টার : বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, খুব স্পষ্টভাবে বলতে চাই, নির্বাচন নিয়ে ষড়যন্ত্র চলছে, নির্বাচন ও গণভোট একই দিনে হতে হবে এবং সে নির্বাচন ২০২৬ সালের ▶▶ ২ এর পাতায় দেখুন



এনসিপি ৩০০ আসনে প্রার্থী দেওয়ার প্রস্তুতি নিচ্ছে : সারজিস আলম

স্টাফ রিপোর্টার : আগামী নির্বাচনে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ৩০০ আসনে প্রার্থী দেওয়ার প্রস্তুতি নিচ্ছে এবং সংগঠনকে শক্তিশালী করতে কাজ করছে বলে জানিয়েছেন দলটির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক ▶▶ ২ এর পাতায় দেখুন



বকশীগঞ্জের নিলাখিয়া ইউনিয়ন পরিষদে প্রশাসক নিয়োগ

বকশীগঞ্জ প্রতিনিধি : জামালপুরের বকশীগঞ্জ উপজেলার নিলাখিয়া ইউনিয়ন পরিষদে প্রশাসক নিয়োগ দিয়েছে জেলা প্রশাসন। বকশীগঞ্জ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা মো. রাফিউজ্জামানকে প্রশাসক হিসেবে নিয়োগ ▶▶ ২ এর পাতায় দেখুন



জামালপুরে ধানের শীষে লড়বেন যারা


স্টাফ রিপোর্টার

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ২৩৭টি আসনে সম্ভাব্য প্রার্থীর নাম ঘোষণা করেছে বিএনপি। এর মধ্যে জামালপুরের পাঁচ আসনেও সম্ভাব্য বিএনপি প্রার্থীদের নাম ঘোষণা করা হয়েছে। সোমবার (৩ নভেম্বর) বিকেলে গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে সংবাদ সম্মেলনে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর প্রার্থীদের নাম ঘোষণা করেন। পাঁচটি সংসদীয় আসনে সম্ভাব্য মনোনয়ন পেয়েছেন যারা:
জামালপুর-১ (দেওয়ানগঞ্জ- বকশীগঞ্জ) ▶▶ ২ এর পাতায় দেখুন

জামায়াত নেতার ওপর হামলার অভিযোগ বিএনপি কর্মীদের বিরুদ্ধে

স্টাফ রিপোর্টার

জামালপুরের মেলান্দহ উপজেলার মাহমুদপুর ইউনিয়নের সহকারী সেক্রেটারি রবিউল ইসলামের ওপর বিএনপি নেতা কর্তৃক হামলার অভিযোগ উঠেছে।
গত শুক্রবার (৭ নভেম্বর) মাগরিব নামাজের পর ইউনিয়নের একটি মসজিদের বারান্দায় বসে কথোপকথনের পর কয়েকজন বিএনপি কর্মী পরিকল্পিতভাবে হামলা চালায় বলে অভিযোগ উঠেছে।
প্রত্যক্ষদর্শী ও দলীয় সূত্র জানায়, শনিবার জামায়াতের কর্মী সমাবেশ সফল করতে রবিউল ইসলাম স্থানীয় কয়েকজন কর্মীকে নিয়ে মসজিদের বারান্দায় আলোচনা করছিলেন। এ সময় বিএনপির দুই কর্মী এসে প্রোগ্রাম করার অভিযোগ



তুলে বাকবিতণ্ডায় জড়ান। পরে তারা চলে গেলেও কিছুক্ষণ পর ৫৬ জন একত্র হয়ে লাঠিসোটা নিয়ে রবিউলের ওপর হামলা চালায়। এতে তার হাতুপা ভেঙে যায় বলে অভিযোগ পাওয়া গেছে।
হামলার সময় আক্রান্ত জামায়াত নেতার ডিসকভার ১২৫ মোটরসাইকেলটিও ভাঙচুর করা হয়। গুরুতর আহত অবস্থায় প্রথমে তাকে জামালপুর জেনারেল হাসপাতালে নেওয়া হয়। পরে অবস্থার অবনতি হলে এভার গ্রিন লাইভ হাসপাতালে ভর্তি করা হয়।
ঘটনার প্রতিবাদে তাৎক্ষণিকভাবে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেলান্দহ পৌরশাখা একটি প্রতিবাদ মিছিল বের করে।
এ বিষয়ে মেলান্দহ থানার ওসি শরিফুল ইসলাম রাত ১২ টার দিকে জানান, জামায়াত নেতারা থানায় এসেছেন, ▶▶ ২ এর পাতায় দেখুন



ভাঙা ঘরে থাকা ইয়াসমিনকে সহায়তা করল মাদারগঞ্জে যুবদল

মাদারগঞ্জ (জামালপুর) প্রতিনিধি

জামালপুরের মাদারগঞ্জ উপজেলার সিধুলী ইউনিয়নের অসহায় বিধবা ইয়াসমিনের জীবনে নতুন আশার আলো জ্বলেছে। স্বামীর মৃত্যুর পর ১৩ ও ৭ বছরের দুই সন্তান নিয়ে ভাঙা টিনের ঘরে মানবেতর জীবন যাপন করছিলেন তিনি। ঘরের টিনে মরিচা ধরে ছিদ্র হয়ে গেছে, সামান্য বৃষ্টি হলেই পানি পড়ে ঘরে। আর্থিক অভাবের কারণে ঘর মেরামত বা নতুন ঘর নির্মাণের সামর্থ্য ছিল না তার এই মর্মস্পর্শী ▶▶ ৩ এর পাতায় দেখুন

তারেক রহমানের ৩১ দফা বাস্তবায়নে বকশীগঞ্জে বিএনপির কর্মী সমাবেশ

বকশীগঞ্জ (জামালপুর) প্রতিনিধি



জামালপুরের বকশীগঞ্জ উপজেলার বাট্টাজোড় ইউনিয়নের ২নং ওয়ার্ড বিএনপির উদ্যোগে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে এক কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৬ নভেম্বর) সন্ধ্যায় বাট্টাজোড় ইউনিয়নের স্থানীয় একটি স্থানে এ কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব করেন ২নং ওয়ার্ড বিএনপির সভাপতি মোঃ জামরুল ইসলাম।
অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বকশীগঞ্জ উপজেলা বিএনপির সভাপতি আলহাজ্ব মোঃ মানিক সওদাগর।
প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম প্রিন্স।
উদ্বোধক ছিলেন উপজেলা বিএনপির সহ-সভাপতি মোঃ গোলাম রব্বানী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ▶▶ ৩ এর পাতায় দেখুন

মাদারগঞ্জে যুবদলের বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত



আব্দুর রহিম খান, (মাদারগঞ্জ প্রতিনিধি)

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে জামালপুরের মাদারগঞ্জে বর্ণাঢ্য আয়োজনে বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। ভ্রমণ গাইড ▶▶ ৩ এর পাতায় দেখুন

জামালপুর সরকারি আশেক মাহমুদ কলেজে রিডার্স ক্লাবের পাঠচক্র অনুষ্ঠিত

হৃদয় আহম্মেদ স্টাফ রিপোর্টার



জামালপুর সরকারি আশেক মাহমুদ কলেজের রিডার্স ক্লাবের নিয়মিত পাঠচক্র অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৫ নভেম্বর) দুপুরে কলেজের গ্রন্থাগারে আয়োজিত এ পাঠচক্রে সভাপতিত্ব করেন রিডার্স ক্লাবের মুখ্য সমন্বয়ক জনাব রবিউল আলম লুইপা।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. শওকত আলম মীর।
তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, "শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের পাশাপাশি বিভিন্ন লেখকের গল্প, উপন্যাস, ভ্রমণ, কবিতা ও নাটকের বই পড়তে হবে। শুধু পড়লেই হবে না, বইয়ের মূল বক্তব্যগুলো ধারণ করতে হবে। জ্ঞান অর্জনের পাশাপাশি ▶▶ ৩ এর পাতায় দেখুন





সাপ্তাহিক মুক্তকাল

ন্যায় ও ন্যায্যতার পক্ষে

একাদশ শ্রেণির ইংরেজি কোর্স

HSC এবং বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার প্রস্তুতি চলুক এক সাথে

- ১ম পত্র: প্যাসেজগুলো Sentence by Sentence কনটেক্সট ও গ্রামার ব্যাখ্যা করে বোঝানো হয়।
- ২য় পত্র: গ্রামার রুলস পড়ানো হয় এবং বোর্ড প্রশ্নসহ প্রচুর প্রশ্ন সমাধান করানো হয়।
- রাইটিং: প্যারাগ্রাফসহ সকল Writing ফ্রি-হ্যান্ড লেখা শেখানো হয়।
- দুর্বলদের জন্য বিশেষ কেয়ার এবং প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ শীট প্রদান করা হয়।
- সপ্তাহে ১ দিন ভর্তি পরীক্ষার প্রস্তুতি ক্লাস ও পরীক্ষা গ্রহণ করা হয়।

১ম ও ২য় পত্রের মোট ক্লাস- ১০০ টি পরীক্ষা-১০টি



শিক্ষক: মোহাম্মদ আলী

B.A (Hons), M.A (English), M.A in ELT (Jahangirnagar University)

প্রভাষক, ড. আব্দুল মজিদ তালুকদার ডিগ্রি কলেজ, জামালপুর।

ঠিকানা: বানাকুড়া মোড় (Kidspark School), পাঁচ রাস্তা থেকে ৫০ মিটার পূর্ব দিকে

01793-679967

আসন সীমিত-আজই রেজিস্ট্রেশন করুন!

জামালপুর ॥ রবিবার ০৯ নভেম্বর ২০২৫ ॥ ২৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ ॥ ১৭ রবিউল আউয়াল ১৪৪৭ হিজরী ॥ জে.এম.নং : ০৫.৪৫.৩৯০০.০১৫.১৭.০০৪.২৫.৬৯৩ ॥ বর্ষ-১ ॥ সংখ্যা-১৫



সুবিধাবঞ্চিত শিশুদের হাতে শিক্ষা সামগ্রী তুলে দিলেন জাবিপ্রবি ছাত্রদল নেতা দূর্জয়

স্টাফ রিপোর্টার

জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (জাবিপ্রবি) ছাত্রদল নেতা নাইমুর রহমান দূর্জয়ের উদ্যোগে সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে শিক্ষা সামগ্রী বিতরণ করা হয়েছে। সোমবার (৩ নভেম্বর) জামালপুর শহরের ফৌজদারি এলাকায় জাবিপ্রবি শিক্ষার্থীদের দ্বারা পরিচালিত বিনামূল্যে শিক্ষা কার্যক্রমের প্লাটফর্ম 'সবুজ স্বপ্ন' এ পড়ুয়া অর্ধ শতাধিক ▶▶ ৩ এর পাতায় দেখুন

জামালপুরে ব্রহ্মপুত্র বালু উত্তোলনে হুমকির মুখে দুই শতাধিক পরিবার

হৃদয় আহম্মেদ (শাওন),জামালপুর প্রতিনিধি

জামালপুর সদর উপজেলার ইটাইল ইউনিয়নের ইটাইল গ্রামে ব্রহ্মপুত্র নদ থেকে অবৈধভাবে বালু উত্তোলনের অভিযোগ উঠেছে স্থানীয় আওয়ামী যুবলীগ ও যুবদল নেতাদের বিরুদ্ধে। এ ঘটনায় নদীপাড়ের দুই শতাধিক পরিবারের বসতভিটা ও ফসলি জমি হুমকির মুখে পড়েছে।


আজ সোমবার ৩ নভেম্বর সকালে ইটাইল গ্রামে ক্ষতিগ্রস্ত এলাকাবাসীর আয়োজনে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে নারী-পুরুষসহ সব শ্রেণিপেশার মানুষ



অংশ নেন। তারা অভিযোগ করেন, দীর্ঘদিন ধরে ব্রহ্মপুত্র নদে অবৈধভাবে বালু তোলা হচ্ছে। এতে নদীর ভাঙন ভয়াবহ আকার ধারণ করেছে, বাড়িঘর ও ফসলি জমি বিলীন হয়ে যাচ্ছে।

মানববন্ধনে অংশ নেওয়া ফারুক হাসান বলেন, এর আগে বালু তোলার কারণে আমাদের ফসলি জমি নদীতে বিলীন হয়ে গেছে। এখন স্থানীয় বিএনপি ও আওয়ামী লীগ নেতারা মিলে আবার বালু তুলছে। আমার শেষ বসতভিটাটুকুও এখন নদীতে চলে যাওয়ার আশঙ্কা করছি।

স্থানীয় গৃহবধূ ফাতেমা বেগম বলেন, আমার বিয়ে হয়েছে ২৬ বছর। আগে নদী অনেক দূরে ছিল, কিন্তু যেদিন থেকে বালু তোলা শুরু ▶▶ ৩ এর পাতায় দেখুন



শেরপুরে মসজিদে ঢুকে হামলা-ভাঙচুর

শেরপুর প্রতিনিধি

শেরপুরের নালিতাবাড়ীতে মসজিদে প্রবেশ করে ইমাম ও মুসল্লিদের ওপর হামলার ঘটনা ঘটেছে। এ ঘটনায় নালিতাবাড়ী থানায় রোববার (২ নভেম্বর) মসজিদ কমিটির সভাপতি আশরাফ আলী একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন। এর আগে, শনিবার সন্ধ্যায় উপজেলার পোড়াগাঁও ইউনিয়নের বারোমারী বাজার এলাকার উত্তর বাতকুচি ফরেস্ট অফিস-সংলগ্ন বাইতুল নূর জামে মসজিদে এ হামলার ঘটনা ঘটে। স্থানীয় মুসল্লি ও অভিযোগ সূত্রে জানা গেছে, শনিবার সন্ধ্যায় উপজেলার উত্তর বাতকুচি গ্রামের জহুর উদ্দিনের তিন ছেলে ফরহাদ মিয়া, রুবেল মিয়া ও ▶▶ ৩ এর পাতায় দেখুন

বকশীগঞ্জে মিথ্যা ডাকাতি মামলায় ফাঁসানোর প্রতিবাদে ভুক্তভোগীদের সংবাদ সম্মেলন

বকশীগঞ্জ প্রতিনিধি



জামালপুরের বকশীগঞ্জ উপজেলায় একটি ডাকাতি মামলায় ষড়যন্ত্রমূলকভাবে নিরীহ ব্যক্তিদের ফাঁসানোর অভিযোগে সংবাদ সম্মেলন করেছেন ভুক্তভোগী পরিবারের সদস্যরা। ঐতিহ্যবাহী পোশাক সোমবার (৩ নভেম্বর) দুপুরে মেরুরচর ইউনিয়নের জব্বারগঞ্জ বাজার এলাকায় এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে ভুক্তভোগীদের পক্ষ থেকে বক্তব্য দেন হাকিমুদ্দিনের ছেলে মান্নান মিয়া ও ওয়াজেদ আলীর ছেলে সুজন মিয়া। তারা জানান, গত ১৮ অক্টোবর রাতে সাধুরপাড়া ইউনিয়নের আইরমারী বটতলা গ্রামের অবসরপ্রাপ্ত শিক্ষক মোহাম্মদ আলীর বাড়িতে ৭-৮ জন মুখোশধারী ডাকাত হামলা চালিয়ে লুটপাট করে।

এ ঘটনায় ১৯ অক্টোবর পুলিশ বটতলা গ্রামের খলিল মিয়ার ছেলে রফিকুল ইসলাম রকিকে আটক করে। পরদিন একই গ্রামের ▶▶ ৩ এর পাতায় দেখুন



বকশীগঞ্জে প্রাণি সম্পদ উন্নয়ন প্রকল্পের সুফলভোগীদের মাঝে মুরগী বিতরণ

বকশীগঞ্জ প্রতিনিধি

জামালপুরের বকশীগঞ্জে উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধা বঞ্চিত ৮৬ টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণি সম্পদ উন্নয়ন প্রকল্পের তিন শত সুফলভোগীর মাঝে মুরগী বিতরণ করা হয়েছে। উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ও ভেটেরিনারী বিভাগের ▶▶ ৩ এর পাতায় দেখুন

ইজিবাইক ধর্মঘটে দুর্ভোগে পরীক্ষার্থীরা, পাশে দাঁড়াল জামালপুরের শিক্ষার্থীরা ফ্রি বাইক নিয়ে

জামালপুর প্রতিনিধি



ইজিবাইক ধর্মঘটে শহরে যানবাহন সংকটে পড়েন সাধারণ মানুষ ও পরীক্ষার্থীরা। এমন সময়ে সরকারি আশেক মাহমুদ কলেজের শিক্ষার্থীরা এগিয়ে এসে চালু করেন ফ্রি বাইক সার্ভিস, যা প্রশংসা কুড়ায় সর্বমহলে।

আজ রবিবার সকাল থেকেই জামালপুর শহরের প্রধান সড়কে ইজিবাইক ও রিকশা মালিক-শ্রমিক ঐক্য পরিষদের ধর্মঘটে জনজীবন অচল হয়ে পড়ে। বিশেষ করে অনার্স দ্বিতীয় বর্ষের পরীক্ষার্থীদের পরীক্ষাকেন্দ্রে পৌঁছাতে চরম ভোগান্তির সৃষ্টি হয়। এ অবস্থায় সরকারি আশেক মাহমুদ কলেজের একদল শিক্ষার্থী পরীক্ষার্থীদের জন্য ফ্রি বাইক সার্ভিস চালু করেন। কলেজের ছাত্র ও ছাত্রী হোস্টেলের শিক্ষার্থীরা নিজেদের মোটরসাইকেল ব্যবহার করে সরকারি জাহিদা শফী মহিলা কলেজসহ বিভিন্ন পরীক্ষাকেন্দ্রে পরীক্ষার্থীদের পৌঁছে দেন। দূরপাল্লা থেকে আসা শিক্ষার্থীদের সিএনজি স্ট্যান্ড থেকে কলেজ পর্যন্ত পৌঁছে দেন তারা। শিক্ষার্থীদের ▶▶ ৩ এর পাতায় দেখুন



বকশীগঞ্জে সৌদি আরবের ৩৩ কার্টুন দুম্বার মাংস বিতরণ

বকশীগঞ্জ প্রতিনিধি

জামালপুরের বকশীগঞ্জ উপজেলায় সৌদি আরব সরকারের প্রেরিত কোরবানির ৩৩ কার্টুন দুম্বার মাংস এতিমখানা, হিজরা ও বেদে সম্প্রদায়ের মাঝে বিতরণ করা হয়েছে। শনিবার (১ নভেম্বর) বিকেলে উপজেলা প্রশাসনের উদ্যোগে এই মাংস বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শাহ জহুরুল হোসেন। সার্বিক তত্ত্বাবধানে ▶▶ ৩ এর পাতায় দেখুন

শিক্ষার মানোন্নয়নে হাসিনা গাজী বালিকা উচ্চ বিদ্যালয়ে শিক্ষক-অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত

মোহাম্মদ গোলাম মোস্তফা (দেওয়ানগঞ্জ প্রতিনিধি)



জামালপুরের বকশীগঞ্জ উপজেলার বাট্টাজোড় ইউনিয়নের ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান হাসিনা গাজী বালিকা উচ্চ বিদ্যালয়ে শিক্ষক, অভিভাবক ও সুধীজনদের অংশগ্রহণে এক মতবিনিময় ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।জামালপুর ভ্রমণ

রবিবার (২ নভেম্বর) দুপুরে বিদ্যালয়ের হলরুমে শিক্ষার মানোন্নয়ন, ছাত্রীর উপস্থিতি বৃদ্ধি ও বিদ্যালয়ের সার্বিক অগ্রগতি বিষয়ে আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ আব্দুল মতিন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ও বকশীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শাহ জহুরুল হোসেন। বিশেষ অতিথি ছিলেন বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক মোঃ আফসার ▶▶ ৩ এর পাতায় দেখুন

ইসলামপুরে নদী থেকে অজ্ঞাতনামা এক ব্যক্তির লাশ উদ্ধার

হৃদয় আহম্মেদ, স্টাফ রিপোর্টার

জামালপুরের ইসলামপুর উপজেলার চর গোয়ালিনী ইউনিয়নের হরিণধরা গ্রামসংলগ্ন দশানী নদী থেকে অজ্ঞাতনামা এক ব্যক্তির লাশ উদ্ধার করেছে পুলিশ। মৃত ব্যক্তির আনুমানিক বয়স ৫০ থেকে ৫৫ বছর বলে জানা গেছে।

বৃহস্পতিবার (৭ নভেম্বর) সকালে স্থানীয়রা নদীতে ভাসমান অবস্থায় লাশটি দেখতে পেয়ে ইসলামপুর থানা পুলিশকে খবর দেয়। পরে ইসলামপুর থানা পুলিশ ও ডিগ্রির চর তদন্ত কেন্দ্রের একটি টিম ঘটনাস্থলে পৌঁছে লাশটি উদ্ধার করে। পুলিশ প্রাথমিকভাবে ধারণা করছে, প্রায় ৩ থেকে ৪ দিন আগে ওই ব্যক্তিকে হত্যা করে নদীতে ফেলে ▶▶ ৩ এর পাতায় দেখুন



সরিষাবাড়ীতে অবৈধ ভবন নির্মাণে প্রশাসনের অভিযান, জরিমানা আদায়

সরিষাবাড়ী (জামালপুর) প্রতিনিধি

ঐতিহ্যবাহী পোশাক সরিষাবাড়ী পৌরসভার মুক্তিযোদ্ধা সংসদ মোড় এলাকায় অনুমোদন ছাড়াই সরকারি জমিতে ভবন নির্মাণের অভিযোগে স্থানীয় বাসিন্দা লক্ষী চান চৌধুরীর নির্মাণকাজ বন্ধ করে দিয়েছে প্রশাসন। রোববার (১ নভেম্বর) দুপুরে সহকারী কমিশনার (ভূমি) ও পৌর প্রশাসক লিজা রিছিল ঘটনাস্থলে গিয়ে নির্মাণকাজ অবিলম্বে বন্ধের নির্দেশ দেন এবং অনুমতি ছাড়াই কাজ শুরু এবং ▶▶ ৩ এর পাতায় দেখুন

"আধুনিক চিকিৎসা আন্তরিক সেবা"

আল মাসুম জেনারেল হাসপাতাল

AL MASUM GENERAL HOSPITAL



শীঘ্রই শুভ উদ্বোধন হতে যাচ্ছে...

অগ্রীম সিরিয়ালের জন্য যোগাযোগঃ

০১৩১৭-০০৪৪৫৫

০১৩১৭-০০৪৪৬৬

০১৩১৭-০০৪৪৭৭

শেখেরভিটা (কেন্দ্রীয় মসজিদের বিপরীতে), জামালপুর

০১৭৮৯-৮৫০২৫০, ০১৭৯৭-৬৭৩৮৮৬, ০১৭৫৭-৭৯৬৬৬৭

almasumgeneralhospital@gmail.com

৪র্থ বর্ষ পদার্পণ

জামালপুরে একমাত্র ইসলামিক ইংলিশ মিডিয়াম

কিডস পার্ক

মন্টেসরি স্কুল

ভর্তি চলছে

আমাদের বৈশিষ্ট্য সমূহ:

- ব্রিটিশ কারিকুলামে শিক্ষা।
- ইংরেজি ও আরবি ভাষা শিক্ষা।
- কুরআন ও তাজবিদ।
- ডিজিটাল ক্লাসরুম।
- স্ট্যান্ডার্ড ওয়ান থেকে কোডিং।
- প্রজেক্ট ও প্রেজেন্টেশন ভিত্তিক শিক্ষাদান।
- চরিত্রগঠনমূলক প্রোগ্রাম (আদব, সততা, দলগত কাজ)।
- নিয়মিত অভিভাবক-শিক্ষক বৈঠকের মাধ্যমে অগ্রগতি মূল্যায়ন।
- প্রতি সেকশনে সর্বাধিক ২০ জন শিক্ষার্থী।

প্রি-প্লে থেকে স্ট্যান্ডার্ড ফোর পর্যন্ত (পর্যায়ক্রমে 'O' Level পর্যন্ত)

www.kidsparkschool.com

contact@kidsparkschool.com

বানাকুড়া মোড় (৫ রাস্তা থেকে ৫০ মিটার পূর্বে) জামালপুর।

মোবাইল: 01793679967, 01937640166

উপদেষ্টা সম্পাদক- নয়ন আসাদ, সম্পাদক-মোহাম্মদ আলী, নির্বাহী সম্পাদক- আতিকুর রহমান, সাহিত্য সম্পাদক- আমিনুল ইসলাম, প্রকাশনা সম্পাদক- আব্দুল হালিম,ব্যবস্থাপক-(বিপণন ও সার্কুলেশন) - মোঃ আবু হানিফ। মুক্ত মিডিয়া ইনিশিয়েটিভের পক্ষে সম্পাদক কর্তৃক বানাকুড়া মোড় জামালপুর থেকে প্রকাশিত ও শিহাব অফসেট প্রিন্টিং প্রেস, জামালপুর থেকে মুদ্রিত, বার্তা-বাণিজ্য ও সম্পাদকীয় কার্যালয়- বানাকুড়া মোড়, জামালপুর-২০০০, মোবাইল-০১৭৯৩৬৭৯৯৬৭, বিজ্ঞাপনের জন্য- ০১৮৭৭৪৪৩৩১৪, ই-মেইল: muktokal@gmail.com, Web: www.muktokal.com



সম্পাদকীয়

গণপিটুনি-আইনের শাসনের পরাজয়

রাজধানীর যাত্রাবাড়ীতে নিরপরাধ ইলেকট্রিশিয়ান আনোয়ার হোসেন বাবুর নির্মম মৃত্যু আরেকটি ভয়াবহ সত্যের মুখোমুখি দাঁড় করিয়েছে আমাদের-দেশজুড়ে ভয়ঙ্করভাবে বেড়ে চলেছে গণপিটুনি বা মব সন্ত্রাস। 'চোর' সন্দেহে হাত-পা বেঁধে পিটিয়ে হত্যা, কিংবা কোনো গুজবের ভিত্তিতে মানুষকে শাস্তি দেওয়ার প্রবণতা এখন সমাজে এক বিপজ্জনক রূপ নিয়েছে। এটি শুধু একটি অপরাধ নয়; এটি আইন, ন্যায়বিচার ও সভ্য সমাজব্যবস্থার পরিপূর্ণ অস্বীকৃতি। মানবাধিকার সংস্থার তথ্য অনুযায়ী, গত ১৪ মাসে দেশে অন্তত ২১৬ জন নাগরিক গণপিটুনিতে প্রাণ হারিয়েছেন, আহত হয়েছেন ২৭৫ জন। সাম্প্রতিক সময়েই গাইবান্ধা, ঢাকা, ভোলা-বিভিন্ন স্থানে এমন বর্বরতার পুনরাবৃত্তি ঘটেছে। পুলিশ বলছে, মব সহিংসতা রোধে চেষ্টা চলছে, তবে একার পক্ষে তা নিয়ন্ত্রণ করা কঠিন। এই বক্তব্য আংশিক সত্য-কিন্তু রাষ্ট্রীয় দায়িত্ব এড়িয়ে যাওয়ার অজুহাত হতে পারে না। কারণ আইনের প্রয়োগ ও নাগরিক সুরক্ষা নিশ্চিত করা পুলিশেরই সাংবিধানিক দায়িত্ব। সমাজবিজ্ঞানীরা যথার্থই বলেছেন, এ ধরনের মব আচরণ কেবল আকস্মিক নয়, বরং দীর্ঘদিনের আইনহীনতা, বিচারহীনতা ও সামাজিক অসহিষ্ণুতার ফসল। কোনো অপরাধের অভিযোগ থাকলে তার তদন্ত, বিচার ও শাস্তির দায়িত্ব রাষ্ট্রের। কিন্তু বিচার প্রক্রিয়ার ধীরগতি, অবিশ্বাস ও রাজনৈতিক প্রভাবের কারণে অনেক নাগরিক মনে করেন-বিচার পাবেন না; তাই নিজের হাতে আইন তুলে নেওয়াই যেন একমাত্র উপায়। এই মানসিকতা সামাজিক অস্থিরতা ও নৈতিক অবক্ষয়ের লক্ষণ। আরও উদ্বেগের বিষয়, অনেক সময় রাজনৈতিক প্রতিহিংসা, ব্যক্তিগত শত্রুতা বা গোষ্ঠীগত সংঘাত 'চোর' বা 'অপরাধী' তকমা দিয়ে নিরীহ মানুষকে লক্ষ্যবস্তু বানাচ্ছে। এতে প্রকৃত অপরাধী যেমন আড়ালে থেকে যায়, তেমনি সাধারণ মানুষের আইনের ওপর আস্থা আরও দুর্বল হয়। এই অবস্থা চলতে থাকলে নাগরিক নিরাপত্তা বিপন্ন হবে, সমাজে ভয় ও প্রতিশোধের সংস্কৃতি স্থায়ী রূপ নেবে। এ পরিস্থিতি থেকে উত্তরণের একমাত্র পথ-আইনের শাসন প্রতিষ্ঠা ও দ্রুত বিচার নিশ্চিত করা। প্রত্যেকটি গণপিটুনির ঘটনায় দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে, যাতে কেউ মনে না করে আইন নিজের হাতে নেওয়া যায়। একই সঙ্গে নাগরিক সচেতনতা, গণমাধ্যম ও স্থানীয় প্রশাসনকে মিথ্যা গুজব প্রতিরোধে সক্রিয় ভূমিকা নিতে হবে। আনোয়ার হোসেন বাবুর মতো নিরপরাধ মানুষের মৃত্যু যেন আর কোনো মায়ের বুক না ভাঙে-এই দায়িত্ব কেবল পুলিশের নয়, রাষ্ট্র ও সমাজের সকলের। আইন হাতে তুলে নেওয়া কোনো ন্যায় নয়; এটি রাষ্ট্রের প্রতি, মানবতার প্রতি এক গভীর বিশ্বাসঘাতকতা।



বকশীগঞ্জে প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি প্রণোদনা কর্মসূচির বীজ ও সার বিতরণ

বকশীগঞ্জ প্রতিনিধি

জামালপুরের বকশীগঞ্জে ২০২৫-২৬ অর্থ বছরের রবি মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। বুধবার (৫ নভেম্বর) দুপুরে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে উপজেলা পরিষদ চত্বরে এক অনুষ্ঠানের মাধ্যমে এ প্রণোদনা সামগ্রী বিতরণ করা হয়। উপজেলার বিভিন্ন ইউনিয়নের মোট ৫ হাজার ২৫০ জন প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকের মাঝে সরিষা, পেঁয়াজ, গম, বাদাম ও মসুরসহ বিভিন্ন রবি ফসলের বীজ এবং ডিএপি ও এমওপি সার বিতরণ করা হয়। এর মধ্যে চলতি রবি মৌসুমে ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি করতে ৫ হাজার কৃষককে বিনামূল্যে সরিষা বীজ, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার প্রদান করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামালপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মোহাম্মদ আলম শরীফ খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এডিডি (শস্য) এ.এল.এম রেজুয়ান, সহকারী কমিশনার (ভূমি) আসমা উল হুসনা, উপজেলা কৃষি কর্মকর্তা আমিনুল ইসলাম, অতিরিক্ত কৃষি কর্মকর্তা ফারজানা রহমান এবং কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আন্নিসা আফরিন। অনুষ্ঠানে স্থানীয় কৃষক ও জনপ্রতিনিধিরাও অংশ নেন। বক্তারা বলেন, সরকারের এই কৃষি প্রণোদনা কর্মসূচি প্রান্তিক কৃষকদের উৎপাদন ব্যয় কমাতে এবং আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহার বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তাঁরা আরও বলেন, প্রণোদনার আওতায় দেওয়া বীজ ও সার সঠিকভাবে ব্যবহার করলে রবি ফসলের উৎপাদন উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে, যা স্থানীয় খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে সহায়ক হবে। উপজেলা কৃষি কর্মকর্তা আমিনুল ইসলাম জানান, "কৃষি প্রণোদনা কর্মসূচির লক্ষ্য হলো কৃষকদের উৎপাদন খরচ কমানো ও অধিক ফলনশীল জাতের চাষে উৎসাহিত করা। এ বছর উপজেলার সব ইউনিয়নে সমানভাবে প্রণোদনা বিতরণ করা হচ্ছে, যাতে কোনো প্রান্তিক কৃষক বাদ না পড়ে।" বীজ ও সার গ্রহণ করতে আসা কৃষকরা জানান, বর্তমান সময়ে কৃষি উপকরণের দাম বেড়ে যাওয়ায় সরকার প্রদত্ত এই সহায়তা তাদের জন্য অত্যন্ত সহায়ক। তাঁরা সরকারের এই উদ্যোগের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং বীজ ও সার সঠিকভাবে ব্যবহার করে অধিক ফলন অর্জনের প্রত্যয় ব্যক্ত করেন।



মানবতার সেবায় জামালপুরে উদ্বোধন হলো আল মাসুম জেনারেল হাসপাতাল

সাইদুর রহমান, জামালপুর শহর প্রতিনিধি

জামালপুর শহরের সুপরিচিত এলাকা শেখেরভিটায় আধুনিক চিকিৎসা সুবিধাসম্পন্ন "আল মাসুম জেনারেল হাসপাতাল"-এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। বুধবার (৫ নভেম্বর) সন্ধ্যা ৬টায় অনুষ্ঠিত হয় হাসপাতালের শুভ উদ্বোধন অনুষ্ঠান। অনুষ্ঠানে সঞ্চালনায় ছিলেন হাসপাতালের নির্বাহী পরিচালক আকরামুল ইসলাম। সভাপতিত্ব করেন হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক আল-মাসুম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী জামালপুর জেলা শাখার আমীর মাওলানা আব্দুস সাত্তার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামায়াতে ইসলামী জামালপুর জেলা শাখার অর্থ সম্পাদক এড. ছামিউল ইসলাম, সাবেক আমীর আ ফ ম নুরুল ইসলাম, শুরা সদস্য জুলফিকার আলী ও মাওলানা মেছবাহুল রহমান কাউছার, জামালপুর শহর আমীর আল ইমরান সুজন, শহর সেক্রেটারি নাজমুল হক মাসুদ এবং সহকারী সেক্রেটারি মাওলানা ফরহাদ রেজা।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোঃ আফজাল মাহমুদ, ডিএমডি, আল মাসুম জেনারেল হাসপাতাল, হাসপাতালের অন্যান্য পরিচালকবৃন্দ, বিভিন্ন বিভাগের কর্মকর্তা-কর্মচারী, স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গ, সমাজসেবক ও গণ্যমান্য অতিথিরা। বক্তারা তাঁদের বক্তব্যে বলেন, চিকিৎসা পেশা শুধু একটি পেশা নয়, এটি মানবতার সেবার অন্যতম মহৎ ক্ষেত্র। রোগীর মুখে হাসি ফিরিয়ে আনার চেয়ে বড় অর্জন আর কিছু হতে পারে না। তাঁরা বলেন, আল মাসুম জেনারেল হাসপাতাল যেন শুধু একটি ব্যবসায়িক প্রতিষ্ঠান না হয়ে মানুষের পাশে দাঁড়ানো এক নিবেদিত স্বাস্থ্যকেন্দ্র হিসেবে কাজ করে – সেই প্রত্যাশা আমাদের। প্রধান অতিথি মাওলানা আব্দুস সাত্তার বলেন, "অসুস্থ মানুষের পাশে দাঁড়ানোই প্রকৃত মানবতা। এই হাসপাতাল যদি সেবা, সততা ও সহমর্মিতাকে মূল ভিত্তি হিসেবে ধরে এগিয়ে যায়, তাহলে জামালপুরবাসীর আস্থা অর্জন করতে পারবে।" সভাপতির বক্তব্যে আল-মাসুম বলেন, "আমরা মুনাফার জন্য নয়, মানুষের সেবার জন্য কাজ করতে চাই। আমাদের লক্ষ্য হবে সাধারণ মানুষের জন্য মানসম্মত চিকিৎসা নিশ্চিত করা। ইনশাআল্লাহ, আমাদের চিকিৎসক ও সেবাকর্মীরা মানবিক দায়িত্ববোধ নিয়ে কাজ করবেন।" অনুষ্ঠানে আরও জানানো হয়, হাসপাতালটিতে

মেরুদণ্ডের আলো

সামিয়া তাবাসসুম

স্কুলের ভাঙা দরজায় আজও ঝুলে আছে এক টিনের ফলক–
"শিক্ষাই জাতির মেরুদণ্ড।"
ফলকটি মরিচা পড়ে ঝুলে আছে এমনভাবে, যেন সেই মেরুদণ্ড নিজেই এখন কুঁজো হয়ে গেছে।
শহীদ মাস্টার সকাল সকাল এসে ব্ল্যাকবোর্ডে চক ঘষেন। চক শব্দ করে না; মনে হয়, কণ্ঠ হারানো কোনো সাদা প্রজাপতি কেবল ধুলোর মধ্যে ছটফট করছে। ছাত্ররা তখনো আসে নি। খালি ক্লাসরুমের দেয়ালগুলিও তার সঙ্গে নিঃশব্দে শিক্ষা গ্রহণ করছে–দারিদ্র্যের শিক্ষা, ত্যাগের শিক্ষা।
শহীদ সাহেবের বেতন শুনলে হয়তো রিকশাওয়ালারা হেসে ফেলবে। তবে তিনি হাসেন না–হাসিটা অনেক আগে এক বন্ধক দোকানে রেখে এসেছেন। চাল, ডাল, তেলের দাম বেড়েছে–বেতন বাড়েনি। সন্তানদের পড়াশোনার খরচ শুনলে তার বুকের মধ্যে হালকা একটা ভূমিকম্প হয়। তবু তিনি ঠোঁট কামড়ে বলেন, "মানুষ গড়ব।"
একসময় শহীদ সাহেব প্রাইভেট পড়াতেন। বিকেলে ক্লান্ত শরীর নিয়ে ছোট ছোট ছাত্রদের ঘরে যেতেন। সেখানে অন্তত চুলায় হাঁড়ি চড়ত। কিন্তু একদিন খবর এল–সরকারি নিষেধাজ্ঞা। প্রাইভেট টিউশন অপরাধ।
অর্থাৎ এখন শিক্ষককে আলো জ্বালাতে হবে, কিন্তু দেশ তাকে দিয়াশলাই দেবে না।
রাতে শহীদ সাহেব বসেন ঘরের কোণে–একটা বাতি জ্বলছে, ম্লান, দুঃখী আলো। স্ত্রী চুপচাপ কাপড় সেলাই করে, মেয়েটা বই খুলে বসে আছে, ছেলেটা টিউশন ফি বকেয়া পড়ার কারণে ক্লাসে যেতে পারছে না। বাতির আলোয় তিনটি মুখ–তিনটি প্রশ্নচিহ্ন।
তিনি জানেন, এগুলোর উত্তর কোনো পাঠ্যবইয়ে নেই।
তারপরও ভোরে তিনি আবার স্কুলে যান। কারণ, তার জীবনের পাঠ্যবইয়ে এখনো লেখা আছে–
"আলোর মানুষ অন্ধকারে হারায় না।"
কিন্তু মাঝে মাঝে তিনি ভাবেন–এই আলো কি শুধুই তার গায়ে পোড়া দিচ্ছে না?
স্কুলের দেয়াল এখনো সেই একই স্লোগান ধরে রেখেছে–"শিক্ষাই জাতির মেরুদণ্ড।"
আর সেই মেরুদণ্ড এখন হাঁটছে, কুঁজো হয়ে, পকেট ফাঁকা, চোখে ধূসর আলো নিয়ে–মাষ্টার শহীদের শরীরে।
তবুও তিনি ব্ল্যাকবোর্ডে লিখে রাখেন–
"সূর্য আবার উঠবে।"
হয়তো ছাত্ররা মনে রাখবে না, কিন্তু সেই লেখাটা থেকেই যাবে, যতদিন পর্যন্ত এই জাতি জানবে–
মেরুদণ্ড ভেঙেও যারা আলো জ্বালায়, তাদের নামই শিক্ষক।

নির্বাচন ফেব্রুয়ারিতেই হতে

ফেব্রুয়ারি মাসেই অনুষ্ঠিত হতে হবে। এর অন্যথা হলে বাংলাদেশের মানুষ কিছুতেই তা মেনে নেবে না। শুক্রবার (৭ নভেম্বর) বিকেলে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে আয়োজিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে 'আধুনিক গণতান্ত্রিক আন্দোলনের নেতা' আখ্যা দিয়ে মির্জা ফখরুল বলেন, সংস্কারের জন্য ৩১ দফা কর্মসূচি ঘোষণা করেছিলেন তারেক রহমান। সেই সংস্কারের কাজ এই অন্তর্বর্তীকালীন সরকার শুরু করলে আমরা তাদের পূর্ণ সমর্থন জানাই। এক বছর ধরে তারা সংস্কারের সড়ক তৈরির কাজ করেছে। গত ১৭ অক্টোবর বিভিন্ন দলের মধ্যে ঐকমত্য হয়েছে, যেগুলোতে আমরা স্বাক্ষর করেছি। তবে তিনি অভিযোগ করেন, হঠাৎ এক উপদেষ্টা প্রেস কনফারেন্স করে জানালেন যে রাজনৈতিক দলগুলোকে সাত দিন সময় দেওয়া হবে সিদ্ধান্ত নেওয়ার জন্য। তাহলে এতদিন ধরে ঐকমত্য কমিশনে যে কাজ হলো, তাতে রাজনৈতিক দলগুলোর মতামত কোথায় গেল? এত টাকা খরচ করে কাজটি হলো, কিন্তু কোনো সমস্যা সমাধান হলো না! মির্জা ফখরুল বলেন, একটি রাজনৈতিক দল জোট বানিয়ে চাপ সৃষ্টি করছে যে নির্বাচনের আগেই গণভোট হতে হবে। আমরা বলেছি- গণভোট নির্বাচনের দিনই হতে হবে। দুটি ভোট করতে গেলে অপ্রয়োজনীয় খরচ হবে এবং মূল নির্বাচনের গুরুত্ব হারাবে। অথচ অন্তর্বর্তী সরকার এমন পদক্ষেপ নিচ্ছে, যা নির্বাচনি প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করতে পারে। আমরা এই নির্বাচনে অংশগ্রহণ করবো এবং ইনশাআল্লাহ বিজয়ী হয়ে একটি নতুন বাংলাদেশ গড়ে তুলবো।
যুবকদের প্রতি আহ্বান জানিয়ে মির্জা ফখরুল বলেন, যে ত্যাগ আপনারা স্বীকার করেছেন, আমাদের হাজারও নেতাকর্মী শহীদ হয়েছেন- তাদের আত্মার প্রতি শ্রদ্ধা জানিয়ে সামনে এগিয়ে যান এবং বিজয় সুনিশ্চিত করুন। সমাবেশে একটি রাজনৈতিক দলের প্রতি ইঙ্গিত করে বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস বলেন, বিএনপি মাঠে নামলে আপনাদের কাউকে খুঁজেও পাওয়া যাবে না। ৭১ সালে যেমন জাতিকে বিভ্রান্ত করেছিলেন, এখনো তাই করছেন। সময় থাকতেই জাতির কাছে ক্ষমা চান।

এনসিপি ৩০০ আসনে প্রার্থী

সারজিস আলম। তিনি বলেন, ডিসেম্বরের মধ্যে যদি প্রতিটা ওয়ার্ডে আমাদের আহ্বায়ক কমিটি থাকে তাহলে ৩০০ আসনে শক্তিশালী প্রার্থী দিতে পারবো। কমিটি গঠনের বিষয়ে আমাদের কাজ চলছে। সোমবার (৩ নভেম্বর) সন্ধ্যায় ময়মনসিংহ নগরীর একটি কমিউনিটি সেন্টারে এনসিপির চার জেলার আহ্বায়ক এবং সদস্য সচিবদের সাক্ষাৎকার-পরবর্তী সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। সারজিস আলম বলেন, আওয়ামী লীগ এবং তাদের দোসর জাতীয় পার্টির আগামী নির্বাচনে অংশগ্রহণ করার কোনো অধিকার নেই। তারা যখন বলে জাতীয় পার্টি ও আওয়ামী লীগের অংশগ্রহণ ছাড়া নির্বাচন সুষ্ঠু হবে না। তাদের জন্মদাতা যে আওয়ামী লীগ এবং আওয়ামী লীগ যে তাদের পেলেপোষে বড় করেছে এর প্রমাণ তারা আবার নতুন করে দিচ্ছে। একদম স্পষ্ট করে বলি, আগামী নির্বাচনে ২৪-এর অভ্যুত্থানে যাদের নির্দেশে হাজারের অধিক খুন করা হয়েছে, বিডিআর হত্যাকাণ্ড, শাপলা গণহত্যা থেকে শুরু করে হাজারে হাজারে গুম, খুন, বিচার বহির্ভূত হত্যাকাণ্ড করা হয়েছে যাদের নির্দেশে, সেই খুনিরা এই বাংলাদেশের তেনি বলেন, আগামী বাংলাদেশ এবং জণগণের স্বার্থকে সামনে রেখে যদি কোনো রাজনৈতিক দলের সঙ্গে গুরুত্বপূর্ণ কিছু বিষয়ে ঐকমত্য হয়ে এলায়েন্সের সুযোগ থাকে, যদি আমরা ঐকমত্য হতে পারি তাহলে জনগণের স্বার্থে এলায়েন্স হতে পারে। এ বিষয়?গুলো নিয়ে আলোচনা চলমান, তবে এখন পর্যন্ত কোনো সিদ্ধান্ত হয়নি।
বর্তমান নির্বাচন কমিশন প্রসঙ্গে সারজিস আলম বলেন, বর্তমান নির্বাচন কমিশন আমাদের শাপলা প্রতীক দিতে গিয়ে তারা তাদের জায়গা থেকে একটি লম্বা সময় স্বেচ্ছাচারিতা করেছে। আমাদেরকে শাপলা না দিয়ে শাপলা কলি দেওয়া হয়েছে। আমরা শাপলা কলি নিয়েই যাচ্ছি। নির্বাচন কমিশনকে আমাদের জায়গা থেকে আহ্বান করবো, তারা যদি ওই একই ধরনের আচরণ আগামীতে করেন তাহলে তাদের ওপর আস্থার সংকট তৈরি হবে।
সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন এনসিপির জ্যেষ্ঠ যুগ্ম সদস্য সচিব নাহিদা সারোয়ার নিভা, বিভাগীয় সাংগঠনিক সম্পাদক আশিকিন আলম প্রমুখ।কানো গণতান্ত্রিক প্রক্রিয়ায় নির্বাচনে অংশগ্রহণ করতে পারে না।

বকশীগঞ্জের নিলাখিয়া ইউনিয়ন

দিয়ে গত ৩ নভেম্বর লিখিত আদেশ জারি করেন জামালপুর জেলা প্রশাসক হাছিনা বেগম। উপজেলা নির্বাহী অফিসার শাহ জহুরুল হোসেন বুধবার (৫ নভেম্বর) বিকালে প্রশাসক নিয়োগের বিষয়টি নিশ্চিত করেছেন
জানা গেছে, নিলাখিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নজরুল ইসলাম সাত্তার ২০২৪ সালে পদত্যাগ করে উপজেলা পরিষদ নির্বাচনে অংশ গ্রহণ করায় চেয়ারম্যান পদটি শুন্য হয়। পরে ১ নম্বর প্যানেল হিসেবে ইউপি সদস্য হামিদুর রহমান ফর্সাকে ভারপ্রাপ্ত চেয়ারম্যানের দায়িত্ব দেওয়া হয়। হামিদুর রহমান ফর্সা দায়িত্ব নেওয়ার পর থেকে তার বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ তুলেন ইউপি সদস্যরা।
এনিয়ে ইউপি সদস্য ও ভারপ্রাপ্ত চেয়ারম্যানের মধ্যে প্রকাশ্যে দ্বন্দ্বের সৃষ্টি হয়। এক পর্যায়ে পাল্টাপাল্টি মানববন্ধন কর্মসূচিও পালিত হয়। এতে করে পরিষদের কার্যক্রম ঝিমিয়ে পড়ে। এমতাবস্থায় সকল ইউপি সদস্য ভারপ্রাপ্ত চেয়ারম্যান হামিদুর রহমান ফর্সাকে প্যানেল থেকে সরিয়ে দিতে আবেদন করেন। জনদুর্ভোগের কথা চিন্তা করে পরিষদের কার্যক্রমকে গতিশীল করতে জনস্বার্থে জামালপুর জেলা প্রশাসক হাছিনা বেগম ৩ নভেম্বর নিলাখিয়া ইউনিয়ন পরিষদে প্রশাসক নিয়োগ প্রদান করেন। প্রশাসককে যাবতীয় আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা প্রদান করে নির্দেশনা দেওয়া হয়। প্রশাসক পদে দায়িত্ব পাওয়ার পর বুধবার দুপুরে উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা মো. রাফিউজ্জামান জানান, আমাকে যে দায়িত্ব দেওয়া হয়েছে তা যথাযথভাবে পালন করা হবে। জনগণের দুর্ভোগ লাঘবে সর্বাত্মক চেষ্টা করে যাবো। এসময় তিনি নিলাখিয়া ইউনিয়নবাসীর সহযোগিতা কামনা করেন তিনি।

জামালপুরে ধানের শীষে লড়বেন

এম রশিদুজ্জামান মিল্লাত, তিনি কেন্দ্রীয় বিএনপির কোষাধ্যক্ষ ও দেওয়ানগঞ্জ উপজেলা বিএনপির সভাপতি। জামালপুর-২ (ইসলামপুর) সুলতান মাহমুদ বাবু, তিনি বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও ইসলামপুর উপজেলা বিএনপির সভাপতি। জামালপুর-৩ (মেলান্দহ-মাদারগঞ্জ) মোস্তাফিজুর রহমান বাবুল, তিনি কেন্দ্রীয় কমিটির জলবায়ু বিষয়ক সহসম্পাদক ও উপজেলা বিএনপির সভাপতি। জামালপুর-৪ (সরিষাবাড়ী) মো. ফরিদুল কবির শামীম তালুকদার, জেলা বিএনপির সভাপতি ও উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক। জামালপুর-৫ (সদর উপজেলা) শাহ্ মো. ওয়ারেছ আলী মামুন, ময়মনসিংহ বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক।

জামায়াত নেতার ওপর হামলার

তবে এখনো কোনো মামলা করা হয়নি। অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে। জামায়াতের আমির ইদ্রিসকে ফোনে যোগাযোগ করা হলে কিছুক্ষণ কথা বলার পর সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। মেলান্দহ উপজেলা শিবিরের সভাপতি আরিফুল ইসলাম জানান, আগামীকালের কর্মী সমাবেশকে ঘিরে পরিস্থিতি অস্থিতিশীল করতে উদ্দেশ্যমূলকভাবেই এ হামলা চালানো হয়েছে।



তবুও মনে রেখো

- আবু হানিফ

ভুলে কি গেছো সেই প্রথম দিনের কথা?
প্রথম দেখা, তারপর র-ফলা বিহীন ভুল বানানে
"প্রিয়চ সম্বোধনে চিঠির কথা?
হোক না সে পুরোনো, অতি জীর্ণ
আর কালের ধুলোয় নিমজ্জিত!
তবুও একটু মনে রেখো, একটু খুঁজ নিও।
আমাকে মনে না পড়লেও
পুব আকাশে গুড়িগুড়ি মেঘের ডাকে
একটু হলেও সাড়া দিও
আর অসহ্য এলো চুল গুলোকে
খোপায় বন্ধি করতে ভুলো না।
অথবা বসন্তের কোকিলকে আমার আবির্ভাব ভাবতে!
হেরে গলায় গান ছেড়ে আড় চোখে তাকিয়ে-
পুরোপুরি না; একটু হলেও স্মরণ করিও।
তার পর না হয় আবার ভুলে যেও।
তবুও একটু মনে রেখো।
আমার অবর্তমানে-
শিয়রে একটা প্রদীপ রাখতে ভুলো না।
না না, উজ্জ্বল সলতে লাগবে না।
আমি নিজেই তার উজ্জ্বলতা
অনুভব করে নিবো।
তবুও শিয়রে একটা প্রদীপ রাখিও
তবুও একটু স্মরণ করিও!!

মুসলিমাবাদে গড়ে উঠেছে ইয়াবার বড় সিন্ডিকেট, নেতৃত্বে -জনি, মোস্তফা, ও ফারুক

স্টাফ রিপোর্টার

সম্প্রতি জামালপুর শহর থেকে সবচেয়ে বড় ইয়াবার চালান উদ্ধার করেছে পুলিশ। আর তারপর থেকেই বেড়িয়ে আসছে এই চালানের মূল হোতাদের নাম। আটক দম্পত্তি ও স্থানীয় এলাকাবাসীর সাথে কথা বলে জানা যায়- এই চালানের সাথে সরাসরি জড়িত মুসলিমাবাদের জনি, মোস্তফা আর মাদক সম্রাট ফারুক।ঐতিহ্যবাহী পোশা চলতি বছরের ২৪ অক্টোবর (শুক্রবার) সকালে শহরের দড়িপাড়া এলাকায় একটি আনন্দ ভ্রমনের বাসে তল্লাশি চালিয়ে ২২ হাজার পিস ইয়াবাসহ এক দম্পত্তিকে গ্রেপ্তার করে পুলিশ। উদ্ধার হওয়া ইয়াবার বাজার মূল্য ৬৬ লাখ টাকা বলে জানিয়েছিলো পুলিশ। সেই সময় বিসমিল্লাহ ট্রাভেলস নামে সেই বাসটি জব্দ করে পুলিশ। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন- জামালপুর সদর উপজেলার ডিগ্রীরচর পশ্চিমপাড়া গ্রামের বাসিন্দা আব্দুল মতিন ও তার স্ত্রী শাহিদা বেগম। তবে তারা শহরের মুসলিমাবাদ এলাকার একটি ভাড়া বাসায় দীর্ঘদিন যাবত বসবাস করতেন। মঙ্গলবার এই দম্পত্তির পাঁচ দিনের রিমান্ড শেষ হলে আবারো রিমান্ড আবেদন করে জামালপুর থানা পুলিশ। তবে এই দুইজনকে গ্রেপ্তার ও ইয়াবার এতো বড় চালান উদ্ধারের পর থেকে বিষয়টি আলোচনার কেন্দ্র বিন্দু হয়ে দাড়ায় পুরো শহরজুড়ে। বেড়িয়ে আসতে শুরু করে অনেক তথ্য। মঙ্গলবার দুপুরে রিমান্ড ও এমসি পরীক্ষা শেষে জামালপুর জেনারেল হাসপাতাল থেকে পুলিশের গাড়িতে উঠার সময় গ্রেপ্তার শাহিদা বেগম স্থানীয় সাংবাদিকদের কাছে দেন একটি গুরুত্বপূর্ণ তথ্য। শাহিদা বেগম জানান- এই ইয়াবার সিন্ডিকেটের মূল হোতা জনি, মোস্তফা ও ফারুক। এরপর কয়েকজন সাংবাদিক তার সাথে কথা বলে জানতে পারেন যে- তারা শুধু এই চালানটি কক্সবাজার থেকে জামালপুর এনেছেন। কিন্তু এর পেছনে রয়েছে মুসলিমাবাদ এলাকার জনি রানা, মোস্তফা আর কুখ্যাত মাদক সম্রাট ফারুক। জনি রানা জামালপুর শহরের মুসলিমাবাদ এলাকার মৃত বানছের আলীর পুত্র এবং মোস্তফা সেই এলাকার মৃত জবান আলীর সন্তান। জনি রানা শহরের শহীদ হারুন সড়ক এলাকার ম্যাক্স ফুটওয়ার নামে একটি জুতার দোকানের মালিক এবং মোস্তফা জামালপুর জেলা যুবদলের সদস্য। আর কুখ্যাত ফারুক একসময় মাদক ব্যবসার জন্য টাঙ্গাইলের কালিহাতী থেকে বিতারিত হোন। পরে জামালপুর শহরে অবস্থান নিলে একটি সময়ে সেখান থেকেও বিতাড়িত হোন তিনি। বর্তমানে ফারুক পার্বত্য চট্টগ্রাম অবস্থান করছে বলে জানা যায়। সেখানে তিনি ইয়াবার ব্যবসা চালিয়ে যাচ্ছেন বলে জানিয়েছে তার ঘনিষ্ঠজন। আর তাকে জামালপুরের সবাই পিচ্চি ফারুক নামেই চিনেন। ২৪ অক্টোবর ইয়াবা উদ্ধারের পর থেকে ৫ নভেম্বর পর্যন্ত এই বিষয় নিয়ে পাঁচটি বৈঠক করে মুসলিমাবাদের ৪ গ্রাম সমন্বয় কমিটি এবং বিষয়টি তদন্তের জন্য একটি তদন্ত কমিটিও গঠন করেন তারা। ৩১ অক্টোবর রাতে একটি বৈঠকে গ্রেপ্তার শাহিদার মেয়ে জনি, মোস্তফা ও ফারুকের নামসহ পুরো বিষয়টি তুলে ধরেন বৈঠকের নেতৃবৃন্দ ও গ্রামবাসীর কাছে। এর একটি ভিডিও এসেছে প্রতিবেদকের হাতে। আর পুরো বিষয় নিয়ে মুসলিমাবাদ, বাগেরহাটা বটতলা, বামুনপাড়া ও শেরপুর সদর উপজেলার কুলুরচর বেপারীপাড়া গ্রামের প্রতিটি বাসিন্দাদের মাঝে বিরাজ করছে চাপা ক্ষোভ। এই ঘটনায় যেকোনো সময় সংঘাতে জড়াতে পারেন গ্রামবাসী। এমনটাই আশঙ্কা করছেন সেখানকার



জনি রানা | মোস্তফা | ফারুক ওরফে পিচ্চি ফারুক

স্থানীয় বাসিন্দারা। অনুসন্ধানে জানা যায়- জনি রানা পারিবারিক ভাবেই মাদক ব্যবসার সাথে জড়িত। ২০ থেকে ২৫ বছর আগে জনি ঘুরে ঘুরে বাদাম বা চুড়ি-মালা বিক্রি করতেন। এর ফাকে ফাকে তারা ফেনসিডিল বিক্রি করা শুরু করেন। এরপর ধীরে ধীরে বড় সিন্ডিকেটের মূল হোতা হয়ে যান তিনি। তিনি শুধু মাদকের বড় চালান এনে খুচরা বিক্রেতাদের কাছে বিক্রি করে দেন। তিনি সবসময় থাকেন লোকচক্ষুর আড়ালে। অনুসন্ধানে আরো জানা যায়- এক সময় হত দরিদ্র জনি এখন কয়েক কোটি টাকার সম্পত্তির মালিক। জামালপুর শহরের মুসলিমাবাদ এলাকায় নিরালা মার্কেটে জমি-ভবন, শহীদ হারুন সড়কে দোকান, ম্যাক্স ফুট ওয়ার নামে বড় জুতার দোকান, কথাকলি মার্কেটের পেছনে একটি ভবন, বাগেরহাটা বটতলা এলাকায় জমি, মুসলিমাবাদ এলাকায় জমি রয়েছে জনি ও তার স্বজনদের নামে। সব মিলিয়ে ইয়াবার ব্যবসা থেকে আয় করে আঙ্গুল ফুলে কলাগাছ হয়ে গেছেন জনি। মোস্তফা'র বিষয়ে অনুসন্ধান করে জানা যায়- জামালপুর থেকে কক্সবাজার যাবার পুরো পরিকল্পনাটি করেন মোস্তফা। জনি রানা না গেলেও মোস্তফা মুসলিমাবাদের কয়েকজন মাদক ব্যবসায়ীকে নিয়ে ভ্রমনের নামে ইয়াবার চালান আনতে যান। আর চট্টগ্রাম থেকে যোগ দেন ফারুক। যে বাসে তারা ভ্রমন করতে যান। সেই বাসটির মালিক মোস্তফার মেয়ের জামাই। আর সম্প্রতি হেরোইনসহ পুলিশের কাছে গ্রেপ্তার হোন মোস্তফার ছেলে রাজিব। তবে এখন তিনি জামিনে রয়েছেন বলে জানা যায়।

অনুসন্ধানে আরো জানা যায়-'জনি-মোস্তফা এসব ইয়াবার চালান ছোট ছোট করে ভাগ করে বিক্রি করেন খুচরা ব্যবসায়ীদের কাছে। মুসলিমাবাদের কমপক্ষে দশটি গ্রুপে এই ইয়াবা ক্রয় করে বিক্রি করে। মোস্তফা আর্থিকভাবে তেমন স্বচ্ছল নয়। তাই চালানের ক্ষেত্রে আর্থিক সহায়তা করেন জনি। সেখান থেকে সামান্য কিছু লাভ নেন মোস্তফা।' এসব বিষয়ে জনি রানা মোবাইল ফোনে বলেন-'আমি এই শহরের স্বনামধন্য ব্যবসায়ী। দুই বছর আগেও একটি চক্র আমাকে এভাবে ফাসানোর চেষ্টা করেছে। আমার মান সম্মানক্ষুন্ন করার চেষ্টা করেছিলো। কিন্তু তারা পারেনি। তাদেরকে সমাজ শাস্তি দিয়েছিলো। সেই শাস্তির জেড়ে এখন চক্রটি আবারো আমাকে বিপদে ফেলার চেষ্টা করছে। আমি নির্দোশ। আমি এসবের সাথে জড়িত না। আমার সব হালাল ইনকাম।' মোবাইল ফোনে মোস্তফা বলেন-'আমার বিরুদ্ধে আনা সকল অভিগো মিথ্যা ও ভিত্তিহীন। যারা অভিযোগ করছে তারাই মাদক ব্যবসার সাথে জড়িত। আমি একসময় মুসলিমাবাদ এলাকার কমিটিতে ছিলাম। তখন মাদক ব্যবসায়ীদের শাসন করেছি। এখন তারাই আমার ক্ষতি করা চেষ্টা করছে। এসব পুরোটা সাজানো। তারা আমাকে ফাসিয়ে মূল হোতাদের বাচানোর চেষ্টা করছে।' জামালপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) ইয়াহিয়া আল মামুন বলেন-'আমরা রিমান্ডে কিছু তথ্য পেয়েছি। এসব তথ্য খতিয়ে দেখা হচ্ছে, যাচাই-বাছাই করা হচ্ছে। আর তদন্তের স্বার্থে এসব তথ্য এখন গনমাধ্যমে প্রকাশ করা যাচ্ছে না। তবে অতি শীঘ্রই এই সিন্ডিকেটের মূল হোতাদের আইনের আওতায় আনা হবে।'





সাপ্তাহিক মুক্তকাল
ন্যায় ও ন্যায্যতার পক্ষে



বকশীগঞ্জে পুষ্টি কমিটি গঠন বিষয়ক সভা অনুষ্ঠিত

বকশীগঞ্জ (জামালপুর) প্রতিনিধি

জামালপুরের বকশীগঞ্জ উপজেলার বগারচর ইউনিয়নে পুষ্টি কমিটি গঠন ও পুষ্টি উন্নয়ন বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
মঙ্গলবার (৪ নভেম্বর) সকালে বগারচর ইউনিয়ন পরিষদের আয়োজনে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় বগারচর ইউনিয়ন মাল্টি স্টেকহোল্ডার প্ল্যাটফর্মের পুষ্টি কমিটি গঠনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বগারচর ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মো. সোহেল রানা পলাশ এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন– ইউনিয়ন পরিষদের সচিব আমিন মুসা, বগারচর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক সফি আলম, ইউপি সদস্য মোছা. লাইলী বেগম, রূপালী বেগম, আলেমা বেগম, দক্ষিণপাড়া জামে মসজিদের ইমাম হাফেজ কারী মো. মাহফুজুর রহমান (মিস্টার), ইউনিয়ন স্বাস্থ্য সহকারী প্রদীপ কুমার, ইউনিয়ন কৃষি উপসহকারী আরাফাত হোসেন, স্থানীয় সাংবাদিক রিপন রাজসহ বিভিন্ন শ্রেণি-পেশার নারী ও পুরুষ প্রতিনিধিবৃন্দ। সভায় গেইন (এঅওঘ) সংস্থার কনসালট্যান্ট নিহার কুমার প্রামাণিক পুষ্টি সম্পর্কিত বিষয়ে মূল বক্তব্য উপস্থাপন করেন। তিনি মায়েদের পুষ্টিহীনতার প্রভাব, শিশুদের শারীরিক ও মানসিক বিকাশে পুষ্টির গুরুত্ব, এবং সুস্থ পরিবার গঠনে পুষ্টিকর খাদ্যের ভূমিকা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে মোট ২৫ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন। আলোচনার শেষে ২১ সদস্য বিশিষ্ট একটি পুষ্টি কমিটি গঠন করা হয়। আয়োজনে সহযোগিতা করে গ্লোবাল অ্যালায়েন্স ফর ইমপ্রুভড নিউট্রিশন (এঅওঘ) এবং বগারচর ইউনিয়ন পরিষদ।



শেরপুরে ভাইরাল সেই ছাত্রদল নেতা বহিষ্কার

স্টাফ রিপোর্টার

নিজের পছন্দের ব্যক্তিদের কৃষি প্রণোদনার তালিকায় নাম না দেওয়ায় কার্যালয়ে ঢুকে উপজেলা কৃষি কর্মকর্তাকে মারধর ও হেনস্তা করার অভিযোগে শেরপুরের নকলা ছাত্রদলের সদস্য সচিব রাহাত হাসান কাইয়ুমকে বহিষ্কার করা হয়েছে। বৃহস্পতিবার (৬ নভেম্বর) কেন্দ্রীয় ছাত্রদলের দপ্তর সম্পাদক জাহাঙ্গীর আলমের সই করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।
বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দিন নাছির এ সিদ্ধান্ত অনুমোদন করেছেন। এতে রাহাত হাসানকে প্রাথমিক সদস্য পদসহ সব সাংগঠনিক পদ থেকে বহিষ্কার করা হয়েছে। এর আগে, বুধবার শেরপুরের নকলা উপজেলা কৃষি কর্মকর্তা শাহারিয়ার মুরসালিন মেহেদীকে তার অফিস কক্ষে মারধর ও হেনস্তা করেন নকলা উপজেলা ছাত্রদল নেতা রাহাত হাসান কাইয়ুম। যার একটি সিসিটিভি ফুটেজ সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে। এদিকে ঘটনার দিন রাতেই নকলা থানায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়। মামলায় ছাত্রদল নেতা রাহাত হাসান কাইয়ুম ও সহযোগী ফজলুকে আসামি করা হয়েছে। অভিযুক্ত রাহাত হাসান কাইয়ুম নকলা পৌরসভার ধুকুরিয়া গ্রামের সুরুজ মাওলা এবং ফজলু একই গ্রামের সিরাজুল হকের ছেলে।
জানা যায়, বুধবার বেলা সোয়া ২টার দিকে রাহাত ও ফজলু উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়ে ঢুকে জানতে চান, কৃষি কর্মকর্তা কেন এখনো বদলি হচ্ছেন না? কারা কৃষি প্রণোদনা পেয়েছেন এবং নেতাদের ভাগ কত? এরপর তারা ছাত্রদলের ভাগ দাবি করেন। এ সময় কৃষি কর্মকর্তা জানান, সরকারি প্রণোদনা প্রকৃত কৃষকদের জন্য। রাজনৈতিকভাবে কারও ভাগ দেওয়ার সুযোগ নেই। এতে তারা ক্ষিপ্ত হয়ে ওঠেন এবং অকথ্য ভাষায় গালিগালাজ করতে থাকেন। কৃষি কর্মকর্তা তাৎক্ষণিকভাবে বিষয়টি স্থানীয় বিএনপির সদ্য বিলুপ্ত কমিটির সভাপতি খোরশেদ আলমকে জানালে রাহাত আরও ক্ষিপ্ত হয়ে ওঠেন এবং সহযোগী ফজলুকে নিয়ে অফিসের ভেতরেই কর্মকর্তাকে মারধর শুরু করেন। এ ঘটনায় কেন্দ্রীয় ছাত্রদল বৃহস্পতিবার তাকে দল থেকে বহিষ্কারাদেশ দিয়েছে। এদিকে, কৃষি কর্মকর্তাকে মারধরের ঘটনায় নিয়মিত মামলা গ্রহণ করে আসামিদের গ্রেফতারে অভিযান চলছে বলে জানিয়েছেন নকলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবুল কাশেম।

জামায়াতে ইসলামীতে প্রার্থী মনোনয়ন নিয়ে বিরোধ-অতীতের শৃঙ্খল দলেও ভাঙনের সুর!

স্টাফ রিপোর্টার : অতীতে প্রার্থী মনোনয়ন নিয়ে জামায়াতে ইসলামীতে কখনো তেমন অসন্তোষ বা কোন্দলের ঘটনা দেখা না গেলেও আসন্ন নির্বাচনে দলটিতে ভিন্ন চিত্র দেখা যাচ্ছে। ক্যাডারভিত্তিক এই দলটির চারটি আসনে প্রকাশ্য বিরোধ দেখা দিয়েছে, আর অন্তত আরও চারটি আসনে রয়েছে অপ্রকাশ্য মতভেদ– এমন তথ্য জানিয়েছেন দলটির কিছু অভ্যন্তরীণ সূত্র।
বিএনপি ও আওয়ামী লীগের মতো বড় দলগুলোতে প্রার্থী মনোনয়নকে ঘিরে বিরোধ বা সংঘর্ষ নতুন নয়। তবে জামায়াতে ইসলামীর ইতিহাসে এটি অস্বাভাবিক ঘটনা। রুকন (সদস্য), কর্মী ও সহযোগী সদস্য– এই তিন স্তরে সংগঠিত দলটি সাধারণত জেলা ও উপজেলা পর্যায়ের নেতাদের ভোটের মাধ্যমে প্রার্থী বাছাই করে, পরে কেন্দ্রীয় কমিটি তা অনুমোদন দেয়। স্থানীয় সরকার নির্বাচনেও দলীয়ভাবে মনোনীত প্রার্থীর প্রতি নেতাকর্মীরা আনুগত্য দেখিয়ে এসেছেন। এবার সেই শৃঙ্খলায় ভাঙন দেখা যাওয়ার বিষয়টি প্রকাশ্যে এসেছে।
পাবনা-৫ (সদর), ময়মনসিংহ-৬ (ফুলবাড়িয়া), কুমিল্লা-৭ (চান্দিনা) আসনে প্রকাশ্যে বিরোধ, বিক্ষোভ, এমনকি প্রার্থীকে অবাঞ্ছিত ঘোষণার ঘটনাও ঘটেছে। নরসিংদী-৫ (রায়পুরা) আসনে তৃণমূলের আপত্তির কারণে প্রার্থিতা স্থগিত রাখা হয়েছে। এ ছাড়া সিলেট-৫, কুষ্টিয়া-৩, চট্টগ্রাম-১৫ ও গাজীপুর-৬, জামালপুর-৩ আসন নিয়ে রয়েছে অপ্রকাশ্য বিরোধ। কুমিল্লার আরও দুটি আসনেও অসন্তোষের গুঞ্জন শোনা যাচ্ছে।
কেন এই ভেতরভাগে অস্থিরতা– এমন প্রশ্নে জামায়াতে ইসলামীর নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মো. তাহের গণমাধ্যমকে বলেন, "সমর্থক পর্যায়ের কিছু লোক অনাকাঙ্ক্ষিত আচরণ করেছে। তারা দলীয় শৃঙ্খলা সম্পর্কে যথেষ্ট জানে না। জামায়াত এসব ঘটনার প্রশ্রয় দিচ্ছে না, বরং কঠোর ব্যবস্থা নিচ্ছে। রুকন পর্যায়ের কেউ এতে জড়িত নয়।"
প্রকাশ্য দ্বন্দ্ব: ময়মনসিংহ-৬ আসন
ময়মনসিংহ-৬ (ফুলবাড়িয়া) আসনে মনোনয়ন না পাওয়া সাবেক জেলা আমির অধ্যাপক জসিম উদ্দিনের সব সাংগঠনিক পদ ও রুকনিয়াত স্থগিত করা হয়েছে। ২০০১ সালে তিনি বিএনপি নেতৃত্বাধীন চারদলীয় জোটের প্রার্থী ছিলেন এবং এবারও মনোনয়ন প্রত্যাশী ছিলেন।
এই আসনে জামায়াতের সম্ভাব্য প্রার্থী হচ্ছেন জেলার নায়েবে আমির অধ্যক্ষ কামরুল হাসান মিলন। তাঁর নাম ঘোষণার পর অধ্যাপক জসিম উদ্দিনের সমর্থক ইসলামী ছাত্রশিবিরের সাবেক নেতাকর্মীরা বিক্ষোভ মিছিল করে কামরুল হাসানকে ফুলবাড়ীতে 'অবাঞ্ছিত' ঘোষণা করেন।
ময়মনসিংহ মহানগরীর এক রুকন নাম প্রকাশ না করার শর্তে মুক্তকালকে বলেন, "ময়মনসিংহ-৬ আসনের সংসদ সদস্য প্রার্থী বাছাইয়ে রুকনদের প্রত্যক্ষ মতামতের প্রতিফলন ঘটেনি। তিনি ময়মনসিংহ বিভাগের অঞ্চল তত্ত্বাবধায়ক ও জামালপুর-২ আসনের সংসদ সদস্য প্রার্থী ড. ছামিউল হক ফারুকীর বিরুদ্ধে স্বজনপ্রীতির অভিযোগ তুলে বলেন, বিগত সরকারের জুলুম নিপীড়নের সময় কামরুল হাসান মিলন নিষ্ক্রিয় ছিলেন, বেশির ভাগ প্রোগ্রামে তাঁর উপস্থিতি ছিল না। কিন্তু ৫-ই আগস্টের পর প্রশাসনের প্রতিটি সেক্টরে তিনি নিজেকে জামায়াতের প্রভাবশালী নেতা হিসেবে পরিচিতি লাভ করেন। এ সকল কাজের পেছনে ইন্ধন দেওয়া ও স্বজনপ্রীতির মাধ্যমে তরুণ নেতৃত্বের দোহাই দিয়ে দুঃসময়ের মাজলুম সংগঠক জসিমউদদীন স্যারকে মনোনয়ন না দিয়ে কামরুল হাসান মিলনের মনোনয়ন কনফার্ম করেছেন অঞ্চল তত্ত্বাবধায়ক ড. ছামিউল হক ফারুকী।"
যদিও জসিম উদ্দিন নিজ সম্পৃক্ততা অস্বীকার করেছেন এবং দলের প্রার্থীকে সমর্থন করার কথা জানিয়েছেন। তবে সাংগঠনিক পদ স্থগিতের পর থেকে তিনি নিষ্ক্রিয় রয়েছেন বলে দলীয় সূত্রে জানা গেছে।
প্রার্থী অধ্যক্ষ কামরুল হাসান মিলন গণমাধ্যমকে বলেন, "নেতাকর্মীরা সবাই প্রচারে ঐক্যবদ্ধ আছেন। যাঁরা এখনও কিছুটা নিরুৎসাহিত, নির্বাচনের সময় তারাও দলের সঙ্গে থাকবেন।"
অপ্রকাশ্য দ্বন্দ্ব: জামালপুর-৩
মেলান্দহ ও মাদারগঞ্জ উপজেলা নিয়ে গঠিত জামালপুর-৩ আসনেও অপ্রকাশ্য দ্বন্দ্বের আভাস মিলছে। রুকন,কর্মী ও সমর্থক পর্যায়ের অনেককে জামায়াত ঘোষিত প্রার্থী মুজিবুর রহমান আজাদীর প্রতি অসন্তোষ সামাজিক যোগাযোগ মাধ্যমে সরব প্রচার করতে দেখা যাচ্ছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে অনেকের দাবি_ আমরা সিদ্ধান্ত নিয়েছিলাম জামালপুর-৩ আসনে ভোট জামায়াতকেই দিব কিন্তু শুনলাম তার বাড়ি বরিশাল, কিভাবে জামায়াত অন্য বিভাগের একজনকে জামালপুরের প্রার্থী করলো? এছাড়াও নানা বিরুপ মন্তব্য দেখা গেছে সামাজিক যোগাযোগ মাধ্যমে।

হাসপাতালে চিরকুটসহ নবজাতককে রেখে পালালেন মা

স্টাফ রিপোর্টার

দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতালে জন্মের মাত্র তিন দিন পর নবজাতক কন্যাকে রেখে পালিয়ে গেছেন এক মা। শিশুটির পাশেই পাওয়া গেছে একটি চিঠি, তাতে লেখা, আমি একজন হতভাগীনি মা। পরিস্থিতির শিকার। আমার বুকের ধনকে রেখে গেলাম, দয়া করে দেখবেন। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার (৬ নভেম্বর) রাতের দিকে। হাসপাতালের শিশু ওয়ার্ডের একটি বেডে শিশুটিকে রেখে যান ওই মা। শিশুটির সঙ্গে ছিল কিছু ওষুধও। বর্তমানে নবজাতকটি হাসপাতালের শিশু ওয়ার্ডে চিকিৎসক ও নার্সদের সার্বক্ষণিক তত্ত্বাবধানে রয়েছে। হাসপাতাল কর্তৃপক্ষ জানায়, সমাজসেবা অধিদপ্তরের সহায়তায় শিশুটির ভবিষ্যৎ বিষয়ে পরবর্তী পদক্ষেপ নেয়া হবে।
ঘটনার পরদিন থেকেই হাসপাতালের শিশু ওয়ার্ডে ভিড় করছেন অসংখ্য নারী-পুরুষ। কেউ এসেছেন এক পলক শিশুটিকে দেখতে, কেউ আবার ফুটফুটে নবজাতকটিকে দত্তক নিতে আগ্রহ প্রকাশ করেছেন।
হাসপাতালের চিকিৎসকরা জানিয়েছেন, শিশুটি সুস্থ রয়েছে এবং নিয়মিত খাবার ও যত্ন দেয়া হচ্ছে। একজন ইন্টার্ন চিকিৎসক বলেন,আমরা সবাই মিলে শিশুটির যত্ন নিচ্ছি। তাকে বুকের দুধের বিকল্প খাবার দিচ্ছি, যেন সে মায়ের অভাব না টের পায়। দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসক ডা. গোলাম আহাদ বলেন, 'শিশুটির ভবিষ্যৎ বিবেচনায় সমাজসেবা অধিদপ্তরের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া হবে, কার তত্ত্বাবধানে শিশুটিকে দেয়া যেতে পারে।' হাসপাতাল পরিচালক ডা. ফজলুর রহমান বলেন,৩ দিনের ফুটফুটে কন্যাশিশুটিকে দত্তক নিতে অনেকেই আগ্রহ প্রকাশ করেছেন। তবে আইনি প্রক্রিয়া মেনেই পরবর্তী সিদ্ধান্ত নেয়া হবে। শিশুটির চিঠি, ফুটফুটে মুখ আর 'হতভাগীনি মায়ের' হৃদয়স্পর্শী বার্তা এখন সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়ে গেছে।

ভাঙা ঘরে থাকা ইয়াসমিনকে

খবর জানতে পেরে ইয়াসমিনের পাশে দাঁড়িয়েছে মাদারগঞ্জ উপজেলা যুবদল। মানবিক উদ্যোগের অংশ হিসেবে ইয়াসমিনের জন্য নতুন ঘর নির্মাণের দায়িত্ব নিয়েছে সংগঠনটি।
বুধবার (৫ নভেম্বর) সকালে উপজেলা যুবদলের নেতারা ইয়াসমিনের বাড়ি পরিদর্শন করে ঘর নির্মাণের জন্য টিন, সিমেন্টসহ প্রয়োজনীয় নির্মাণ সামগ্রী প্রদান করেন।
এ সময় উপস্থিত ছিলেন উপজেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক মোখলেছুর রহমান মোখলেস, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক খালিদ হাসান, কড়ইচড়া ইউনিয়ন বিএনপির ক্রীড়া বিষয়ক সম্পাদক মিজান মোল্লা, উপজেলা যুবদলের অন্যান্য নেতা-কর্মী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।
মানবিক সহায়তা পেয়ে আবেগাপ্লুত ইয়াসমিন বলেন, "সামান্য বৃষ্টি হলেই ঘরে পানি পড়ত, শীতে কুয়াশা ঢুকত। স্বামী মারা যাওয়ার পর সন্তানদের নিয়ে অনেক কষ্টে আছি। ভাবিনি কেউ আমার ঘরের ব্যবস্থা করবে। যুবদলের নেতারা আমার জন্য ঘর বানাচ্ছেন – এটা আমার জীবনের সবচেয়ে আনন্দের দিন।" উপজেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক মোখলেছুর রহমান মোখলেস বলেন, "বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে আমরা অসহায় মানুষের পাশে দাঁড়ানোর চেষ্টা করছি। কয়েকদিনের মধ্যেই ইয়াসমিনের ঘর নির্মাণের কাজ শুরু হবে। শুধু ইয়াসমিন নন, মাদারগঞ্জের অন্যান্য অসহায় পরিবারকেও আমরা সহায়তা করে যাচ্ছি।"

তারেক রহমানের ৩১ দফা

ছিলেন উপজেলা বিএনপির সহ-সভাপতি মোঃ মোতালেব হোসেন সরকার, দপ্তর সম্পাদক অধ্যক্ষ মোঃ বজলুর রশিদ, বাট্টাজোড় ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মোঃ লিটন আকন্দ, উপজেলা বিএনপির কৃষি বিষয়ক সম্পাদক মোঃ ফরিদ উদ্দিন ফরিদ, সহ-ধর্ম সম্পাদক খন্দকার মেজবাউল হক এবং উপজেলা বিএনপির সদস্য আরিফুজ্জামান দুদু মেম্বার প্রমুখ।
প্রধান বক্তা জাহিদুল ইসলাম প্রিন্স তার বক্তব্যে ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত সাবেক সংসদ সদস্য এম. রশিদুজ্জামান মিল্লাতের আমলে বাস্তবায়িত নানা উন্নয়ন কর্মকাণ্ডের ফিরিস্তি তুলে ধরেন। তিনি বলেন, "সেই সময়ে দেওয়ানগঞ্জের পোল্লাকান্দি ব্রিজ নির্মাণসহ শিক্ষা, সড়ক যোগাযোগ, ধর্মীয় প্রতিষ্ঠান ও জনকল্যাণমূলক বিভিন্ন ক্ষেত্রে যুগান্তকারী উন্নয়ন হয়েছে। বিএনপি জনগণের দল, ক্ষমতায় গেলে আবারও জনগণের প্রত্যাশা পূরণ করবে।" বক্তারা বলেন, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ঘোষিত ৩১ দফা কর্মসূচি দেশের গণতন্ত্র পুনরুদ্ধার ও জনগণের অধিকার প্রতিষ্ঠার রূপরেখা। এই কর্মসূচি বাস্তবায়নে প্রত্যেক নেতা-কর্মীকে ঐক্যবদ্ধভাবে মাঠে থেকে কাজ করতে হবে।
সমাবেশে ২নং ওয়ার্ড বিএনপি ও অঙ্গসহযোগী সংগঠনের পাঁচশতাধিক নেতা-কর্মী অংশগ্রহণ করেন।

মাদারগঞ্জে যুবদলের বৃক্ষরোপণ

শনিবার (২ নভেম্বর) সকালে মাদারগঞ্জ আশেক মাহমুদ পাইলট হাইস্কুল মাঠে উপজেলা যুবদলের উদ্যোগে এ বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান করেন মাদারগঞ্জ উপজেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক মোখলেছুর রহমান মোখলেস।আহ্বায়ক আব্দুল মাজেদ মোল্লা, মাদারগঞ্জ এএইচজেড সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক আসাদুজ্জামান রাজু, সাবেক জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক মো. তুহিন প্রামানিক, মাদারগঞ্জ পৌর বিএনপির ৩নং ওয়ার্ড সাধারণ সম্পাদক লুৎফর রহমান খান, পৌর বিএনপির সদস্য জান্নাত, বাবুসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের অসংখ্য নেতাকর্মী। কর্মসূচিতে বিদ্যালয় মাঠ ও আশপাশ এলাকায় বিভিন্ন প্রজাতির ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা রোপণ করা হয়।
বক্তারা বলেন, যুবদল শুধু রাজনৈতিক কর্মকাণ্ডেই নয়, সামাজিক ও পরিবেশবান্ধব কার্যক্রমেও ভূমিকা রেখে যাচ্ছে। গাছ রোপণ মানবতার সেবা– যা ভবিষ্যৎ প্রজন্মের জন্য উপহার স্বরূপ।

জামালপুর সরকারি আশেক মাহমুদ

বই পড়া মানসিক আনন্দ ও নির্মল বিনোদন দেয়। এই পাঠাভ্যাস শিক্ষার্থীদের ব্যক্তিত্ব গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।"
অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কলেজ শিক্ষক সংসদের সম্পাদক জনাব মো. রেজাউল করিম, প্রফেসর মো. আব্দুল হাকিম এবং রিডার্স ক্লাবের মডারেটর জনাব মো. রবিউল ইসলাম।
রিডার্স ক্লাবের মুখ্য সমন্বয়ক রবিউল আলম লুইপা বলেন, "১৮ আগস্ট কলেজে ব্যতিক্রমী এ ক্লাবটির যাত্রা শুরু হয়। শিক্ষার্থীদের মোবাইল আসক্তি থেকে দূরে রেখে বই পড়ার অভ্যাস গড়ে তোলাই রিডার্স ক্লাবের মূল লক্ষ্য।" তিনি জানান, বর্তমানে ক্লাবটির সদস্য সংখ্যা দেড় শতাধিক এবং বইয়ের সংখ্যা চার শতাধিক হলেও পাঠকদের চাহিদা অনুযায়ী বইয়ের সংকট রয়েছে। সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসহ ব্যক্তিগত উদ্যোগে বই প্রদানের আহ্বান জানান তিনি।
অনুষ্ঠানে কলেজের শিক্ষার্থী কামরুল ইসলাম, আবদে মাঈন রাফি, জান্নাতুল ফেরদৌস জ্যোতি ও মারিয়া জাহান রিতা বিভিন্ন বইয়ের ওপর রিভিউ উপস্থাপন করেন। শেষে ৬০ জন শিক্ষার্থীকে বই প্রদান করা হয়, যা তারা পড়ে পরবর্তী পাঠচক্রে রিভিউ প্রদান করবে এবং নতুন বই গ্রহণ করবে।

শেরপুরে মসজিদে ঢুকে

ফারুক মিয়া মসজিদে প্রবেশ করে চিল্লাচিল্লি শুরু করেন।
তারা ইমাম মাওলানা শফিকুল ইসলামকে উদ্দেশ করে বলেন, আজ থেকে এই মসজিদে আর আজান দেওয়া যাবে না। আমাদের অনুমতি ছাড়া আজান দেওয়া নিষেধ।
এ সময় ইমাম শফিকুল ইসলাম প্রতিবাদ করলে ওই তিন যুবক তাকে ভয়ভীতি দেখান। কথা না বাড়িয়ে আত্মরক্ষার্থে ইমাম শফিকুল ইসলাম মসজিদ থেকে বেরিয়ে যান। এরপর ওই যুবকেরা মসজিদের মাইক সেট, বৈদ্যুতিক বোর্ড, টিনের বেড়া ও অন্যান্য জিনিসপত্র ভাঙচুর করেন।
এ সময় মুসল্লি হাবিবুর রহমান ও কাজল মিয়া বাধা দিতে গেলে তাদেরও মারধর করা হয়। পরে স্থানীয় বাসিন্দারা ঘটনাস্থলে গেলে হামলাকারীরা পালিয়ে যায়। আহতদের উদ্ধার করে নালিতাবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।
অভিযুক্তদের বক্তব্য নিতে চেষ্টা করা হলেও তাদের পাওয়া যায়নি।
স্থানীয় কয়েকজন জানান, ওই তিন যুবক মাদকাসক্ত এবং তারা এলাকায় নানাভাবে আইনশৃঙ্খলার অবনতি ঘটিয়ে আসছে।
মসজিদ কমিটির সভাপতি আশরাফ আলী বলেন, ঘটনার খবর পেয়ে আমরা গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনি। পরে থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছি। আমরা এই ঘটনার সুষ্ঠু বিচার চাই।
শেরপুর জেলা ইমাম-মুয়াজ্জিন ঐক্য পরিষদের সভাপতি মাওলানা সাখওয়াত হোসেন সোহাগ বলেন, মসজিদে ঢুকে ইমাম ও মুসল্লিদের ওপর হামলার ঘটনা অত্যন্ত নিন্দনীয়। জড়িতদের দ্রুত ও কঠোরভাবে আইনের আওতায় আনতে হবে।
নালিতাবাড়ী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সোহেল রানা বলেন, মসজিদে ঢুকে হামলা ও ভাঙচুরের ঘটনায় একটি লিখিত অভিযোগ পেয়েছি। পুলিশ ঘটনাস্থলে গেছে, তদন্ত চলছে। তারা আসলে বিস্তারিত বলা যাবে।

জামালপুরে ব্রহ্মপুত্র বালু উত্তোলনে

হলো, সেদিন থেকেই নদী ভাঙন শুরু হয়। এখন আমাদের বসতভিটা আর গোরস্থান দুটোই হুমকির মুখে।
রাজিনা বেগম নামে আরেক নারী জানান, আমার তিন ছেলে, স্বামী নাই। তাদের পাঠানো টাকায় কোনোমতে সংসার চলে। আগের বালু তোলায় ফসলি জমি নদীতে গেয়েছে, এখন যদি বসতভিটাটাও যায়, তাহলে থাকার জায়গা থাকবে না। বালু তুলতে হলে আমার লাশের ওপর দিয়েই তুলুক।
এলাকাবাসীর অভিযোগ, ইটাইল ইউনিয়ন যুবদলের সদস্য সচিব শহিদুল ইসলাম ও আওয়ামী যুবলীগের ইউনিয়ন সহ-সভাপতি গোলাম ফারুক নান্নু সহ আরও কয়েকজন মিলে এই বালু উত্তোলনের কাজ পরিচালনা করছেন।
অভিযোগের বিষয়ে যুবদল নেতা শহিদুল ইসলাম মুঠোফোনে বলেন, এটি সরকার অনুমোদিত নদী খননের প্রকল্প। ডিসি, ইউএনওসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা এ বিষয়ে জানেন। এলাকাবাসী না বুঝেই মানববন্ধন করেছে। তারা ব্যানারে অবৈধ বালু উত্তোলন লিখেছে, যা সম্পূর্ণ ভুল।
এলাকাবাসী প্রশাসনের কাছে অবিলম্বে বালু উত্তোলন বন্ধ এবং নদী ভাঙন রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার দাবি জানিয়েছেন। তারা হুঁশিয়ারি দিয়ে বলেন, দ্রুত ব্যবস্থা না নিলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে।

সুবিধাবঞ্চিত শিশুদের হাতে

সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা সামগ্রী বিতরণ করে ছাত্রদল নেতা দূর্জয় মানবিক উদ্যোগ হিসেবে খাতা, কলম, পেন্সিল, ইরেজার, কাটার, সিলেট ইত্যাদি প্রয়োজনীয় শিক্ষা উপকরণ তুলে দেয়া হয়।
এ সময় উপস্থিত ছিলেন জাবিপ্রবি ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহবায়ক আব্দুল্লাহ আল মাসুদ, সদস্য সচিব যীনাত মিয়া আজিজুল, যুগ্ম আহবায়ক দেওয়ান মোর্শেদউর রহমান, সবুজ স্বপ্ন প্ল্যাটফর্মের উদ্যোক্তা আরমান আলিফসহ জাবিপ্রবি ছাত্রদলের অন্যান্য নেতৃবৃন্দ। এ সময় শিশুদের মাঝে ব্যাপক উৎসাহ ও উদ্দিপনা লক্ষ্য করা যায়।
ছাত্রদল নেতা নাইমুর রহমান দূর্জয় বলেন, 'শিক্ষাই একটি শিশুর জীবনের সবচেয়ে বড় সম্পদ। এই ক্ষুদ্র প্রয়াসের মাধ্যমে আমি চাই প্রতিটি শিশু যেন শিক্ষার আলোয় আলোকিত হতে পারে। আমার এই ধরনের উদ্যোগ অতীতেও ছিলো এবং ভবিষ্যতেও চলমান থাকবে।'

বকশীগঞ্জে মিথ্যা ডাকাতি মামলায়

হাকিমুদ্দিনের ছেলে মতলেব মিয়াকেও গ্রেপ্তার করা হয়। পরে পুলিশ তাদের ১০ দিনের রিমান্ড আবেদন করলে আদালত ২ দিনের রিমান্ড মঞ্জুর করেন।
সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়, কিছুদিন আগে আইরমারী বটতলা গ্রামের হাসেম মিয়ার সঙ্গে জমি সংক্রান্ত বিরোধের জের ধরে প্রতিপক্ষের ইশারায় এই দুইজনকে পরিকল্পিতভাবে মামলায় জড়ানো হয়েছে। প্রকৃত অপরাধীদের আড়াল করে নিরীহ মানুষদের হয়রানি করা হচ্ছে বলে দাবি করেন তারা।
ভুক্তভোগীরা বলেন, "এই মামলায় গ্রামের নিরপরাধ মানুষদেরও ফাঁসানোর চেষ্টা চলছে। এতে এলাকাবাসী চরম আতঙ্কে রয়েছে।"
তারা ডাকাতি ঘটনার সুষ্ঠু তদন্ত ও প্রকৃত দোষীদের শনাক্ত করে আইনের আওতায় আনার পাশাপাশি নিরপরাধদের মুক্তির দাবি জানান। একই সঙ্গে জামালপুর জেলা পুলিশ সুপারের হস্তক্ষেপ কামনা করেন ভুক্তভোগী পরিবারগুলো।

বকশীগঞ্জে প্রাণি সম্পদ উন্নয়ন

উদ্যোগে রোববার (২ নভেম্বর) দুপুরে সাধুরপাড়া ইউনিয়নের কেবি মডেল উচ্চ বিদ্যালয় মাঠে মুরগী বিতরণ কার্যক্রম শুরু করা হয়।
মুরগী বিতরণকালে উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডা. সাদিয়া আফরিন, ভেটেরিনারী সার্জন ডা. শাহরিয়ার মাহমুদ আরমান, কেবি মডেল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এম এইচ কবির সহ উপকারভোগীরা উপস্থিত ছিলেন।
উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডা. সাদিয়া আফরিন জানান, উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধা বঞ্চিত ৮৬ টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণি সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় সাধুরপাড়া ইউনিয়নে ৯৬ টি, বগারচর ইউনিয়নে ১০৩ ও মেরুরচর ইউনিয়নের ১০১ টি পরিবারকে দুই মাস বয়সি ১৫ টি করে সোনালী মুরগী বিতরণ করা হয়।
এই প্রকল্পের মাধ্যমে স্থানীয় পিছিয়ে পড়া সুবিধা বঞ্চিত মানুষের জীবনমান উন্নয়নে ভূমিকা রাখবে বলে জানান তিনি।
প্রতিটি সুফলভোগীকে মুরগীর টিকা প্রদান সহ যাবতীয় সহযোগিতা প্রদানের আশ্বাস দেন উপজেলা প্রাণি সম্পদ বিভাগ।জামালপুর ভ্রমণ

ইজিবাইক ধর্মঘটে দুর্ভোগে

এই উদ্যোগে শতাধিক পরীক্ষার্থী সময়মতো পরীক্ষাকেন্দ্রে পৌঁছাতে সক্ষম হন। ফ্রি সার্ভিসে অংশগ্রহণকারী শিক্ষার্থী হৃদয় আহম্মেদ শাওন বলেন,যানবাহন না থাকায় অনেক পরীক্ষার্থী বিপাকে পড়েছিল। আমরা ভাবলাম, নিজেরাই যদি কিছু করি তাহলে হয়তো উপকার হবে। আমাদের লক্ষ্য ছিল, কেউ যেন পরীক্ষায় দেরি না করে। অন্য অংশগ্রহণকারী সরকারি আশেক মাহমুদ কলেজের ছাত্রদলের সদস্য সচিব শাহরিয়ার বায়েজিদ বলেন, এই উদ্যোগের মাধ্যমে আমরা দেখাতে চেয়েছি সংকটকালেও একে অপরের পাশে দাঁড়ানোই মানবতার পরিচয়। ছাত্রী আফরিন জান্নাত আঁখি বলেন,মেয়েদের নিরাপদে কেন্দ্রে পৌঁছানোর বিষয়টি আমরা অগ্রাধিকার দিয়েছি। সবার সহযোগিতায় কাজটি সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। পরীক্ষার্থী রাকিব হাসান বলেন,বাইক সার্ভিস না থাকলে আজকের পরীক্ষায় দেরি হতো। ভাইয়াদের এই উদ্যোগে আমরা সত্যিই উপকৃত হয়েছি।
আরেক পরীক্ষার্থী ফাতেমা আক্তার বলেন,ভাইয়া-আপুরা যেভাবে সহায়তা করেছেন, মনে হয়েছে আমরা সবাই একই পরিবারের সদস্য।
শিক্ষার্থীদের এই মানবিক উদ্যোগে শহরের সাধারণ মানুষও প্রশংসা করেছেন। তারা বলেন, এমন উদ্যোগ তরুণ সমাজের ইতিবাচক মনোভাবের প্রতিফলন। জামালপুরের সরকারি আশেক মাহমুদ কলেজের শিক্ষার্থীরা শুধু যানবাহন সংকটে সহযোগিতা করেননি, তারা দেখিয়ে দিয়েছেন মানবতা ও সামাজিক দায়বদ্ধতার মাধ্যমে পরিবর্তন আনাই তরুণ প্রজন্মের আসল শক্তি।

বকশীগঞ্জে সৌদি আরবের ৩৩

ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হাবিবুর রহমান সুমন।
এ সময় উপজেলার বিভিন্ন এতিমখানার শিক্ষক, হিজরা ও বেদে সম্প্রদায়ের সদস্যসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের উদ্যোগে সৌদি আরব থেকে প্রেরিত ৩৩ কার্টুন দুম্বার মাংসের মধ্যে ৩২টি কার্টুন উপজেলার ৩২টি এতিমখানায় এবং ১টি কার্টুন হিজরা ও বেদে সম্প্রদায়ের মধ্যে বিতরণ করা হয় উপজেলা নির্বাহী কর্মকর্তা শাহ জহুরুল হোসেন বলেন, "সৌদি আরব সরকারের এই কোরবানির মাংস বিতরণ একটি বার্ষিক মানবিক উদ্যোগ, যার মাধ্যমে বিশ্বব্যাপী দরিদ্র, অসহায় ও দুঃস্থ জনগোষ্ঠীর কাছে কোরবানির মাংস পৌঁছে দেওয়া হয়। এ ধারাবাহিকতায় বকশীগঞ্জ উপজেলায় ৩৩ কার্টুন মাংস বরাদ্দ পাওয়া গেছে।"
মাংস বিতরণ কার্যক্রমে সহায়তা পাওয়ায় হিজরা, বেদে ও এতিমখানার শিক্ষার্থীরা উপজেলা প্রশাসনের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন,

শিক্ষার মানোন্নয়নে হাসিনা গাজী

আলী। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা একাডেমিক সুপারভাইজার শ্যামল কুমার রায়, বাট্টাজোড় ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ লিটন আকন্দ, বকশীগঞ্জ উপজেলা বিএনপির সহ-সভাপতি মোঃ মোতালেব সরকার, বাট্টাজোড় নগর মামুদ উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক আলহাজ মোঃ সহিজল হক, বকশীগঞ্জ সদর ইউনিয়ন পরিষদের সদস্য মির্জা সোহেল, বিদ্যালয় পরিচালনা কমিটির সাবেক সদস্য মোঃ মুসা তারেক প্রমুখ।
অভিভাবকদের মধ্যে বক্তব্য রাখেন মোঃ শহিদুল্লাহ, মোঃ এরশাদ জাহান, মোঃ আব্দুল জব্বার, ডাঃ মোঃ ইউসুফ আলীসহ আরও অনেকে।
অনুষ্ঠানে প্রায় তিন শতাধিক অভিভাবক, শিক্ষক, শিক্ষার্থী ও এলাকার গুণীজন উপস্থিত ছিলেন।
বক্তারা বলেন, "হাসিনা গাজী বালিকা উচ্চ বিদ্যালয় একটি ঐতিহ্যবাহী ও সুনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান। কিন্তু সাম্প্রতিক সময়ে এলাকায় অনুমোদনবিহীন কিন্ডারগার্টেন ও বেসরকারি স্কুল গড়ে উঠেছে, যারা নানা প্রলোভন ও মিথ্যা আশ্বাসের মাধ্যমে শিক্ষার্থীদের বিভ্রান্ত করছে। এসব প্রতিষ্ঠানের বেশিরভাগেরই সরকারি নিবন্ধন বা এমপিওভুক্ত কোনো বৈধতা নেই। অথচ এমপিওভুক্ত বিদ্যালয়গুলোতে প্রশিক্ষিত শিক্ষক দ্বারা পাঠদান করা হয়, যা শিক্ষার মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।"
বক্তারা আরও বলেন, "শিক্ষার মান ও ছাত্রীর উপস্থিতি বৃদ্ধির জন্য শিক্ষক, অভিভাবক ও প্রশাসনের সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন। বিদ্যালয়ের প্রতিটি শিক্ষার্থী যেন নিয়মিত বিদ্যালয়ে আসে, তা নিশ্চিত করতে সবার সহযোগিতা জরুরি।"
প্রধান অতিথি ও বিদ্যালয়ের সভাপতি শাহ জহুরুল হোসেন তার দিকনির্দেশনামূলক বক্তব্যে বলেন,
"আমি বিদ্যালয়টির সভাপতি এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে এই প্রতিষ্ঠানের পূর্বের সুনাম ফিরিয়ে আনতে সার্বিক সহযোগিতা করব। নিয়ম অনুযায়ী কোনো শিক্ষার্থী ৭৫ শতাংশের কম উপস্থিত থাকলে বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে। বিদ্যালয়ের প্রতিটি শিক্ষার্থীকে নিয়মিত উপস্থিত রাখা ও শিক্ষার পরিবেশ উন্নত করতে শিক্ষক, অভিভাবক ও স্থানীয় সমাজের সবাইকে একযোগে কাজ করতে হবে। প্রয়োজনে শিক্ষার্থীদের অভিভাবকদের সঙ্গে নিয়মিত ফোনে যোগাযোগ রাখতে হবে এবং বাড়ি বাড়ি গিয়ে খোঁজ নিতে হবে।" সভাপতির বক্তব্যে বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ আব্দুল মতিন বিদ্যালয়ের সার্বিক উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের প্রতিশ্রুতি দেন এবং সকলের সহযোগিতা কামনা করেন।
আলোচনা শেষে তবারক বিতরণের মধ্য দিয়ে অনুষ্ঠানটির সমাপ্তি হয়।
পুরো অনুষ্ঠানটি উৎসবমুখর পরিবেশে সম্পন্ন হয়।

ইসলামপুরে নদী থেকে

দেওয়া হয়েছে। লাশে আঘাতের চিহ্ন থাকায় এটি হত্যাকাণ্ড বলে সন্দেহ করা হচ্ছে। ইসলামপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) বলেন, "স্থানীয়দের তথ্যের ভিত্তিতে আমরা লাশ উদ্ধার করেছি। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, এটি একটি হত্যাকাণ্ড। লাশের পরিচয় এখনো জানা যায়নি। ময়নাতদন্তের জন্য লাশ জামালপুর সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। পরিচয় শনাক্তের চেষ্টা চলছে।"
এদিকে লাশ উদ্ধারের ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। স্থানীয়রা জানিয়েছেন, গত কয়েকদিন ধরে ওই এলাকায় অচেনা কাউকে দেখা যায়নি, তাই লাশটির পরিচয় নিয়ে তারা নিশ্চিত হতে পারছেন না।
জামালপুর জেলা পুলিশ এক বিবৃতিতে জানিয়েছে, লাশটি সনাক্তকরণের স্বার্থে জেলার সকল সাংবাদিক ও ফেসবুক অ্যাডমিনদের নিজ নিজ পেজ ও গ্রুপে এই তথ্যটি শেয়ার করার জন্য অনুরোধ করা হয়েছে।

সরিষাবাড়ীতে অবৈধ ভবন নির্মাণে

ভাড়া দেয়ার অভিযোগে ২০ হাজার টাকা জরিমানা আদায় করেন।
অভিযোগ রয়েছে, লক্ষী চান চৌধুরী ও তার স্ত্রী ডালিয়া চৌধুরী, ছেলে বিজয় চৌধুরী ,সঞ্জয় , হৃদয় চৌধুরী ও রাজীব সহ পরিবারের সদস্যরা দীর্ঘদিন ধরে পৌরসভার অনুমোদন ছাড়াই সরকারি ভূমিতে ভবন নির্মাণ ও সংযোজনের কাজ চালিয়ে আসছিলেন। এ ঘটনায় স্থানীয় জনগণ, সাংবাদিক ইসমাইল হোসেন সহ পেশাদার সাংবাদিকগণ ও সাবেক পৌর মেয়র ফয়জুল কবির তালুকদার শাহীন , যুবদল নেতা দুলাল মিয়া, স্থানীয় এলাকাবাসী নজরুল ইসলাম এর প্রতিবাদ জানিয়ে আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতি হওয়ার আশঙ্কায় প্রশাসনের হস্তক্ষেপ দাবি করেন।
এ লক্ষ্যে সরিষাবাড়ি থানা পুলিশের সহযোগিতায়, পৌর প্রশাসন এর পদক্ষেপে এলাকাবাসী সন্তোষ প্রকাশ করে বলেন–"আইনের শাসন প্রতিষ্ঠায় এটি প্রশংসনীয় উদ্যোগ, যা ভবিষ্যতে অবৈধ নির্মাণ রোধে দৃষ্টান্ত হয়ে থাকবে।"



মাইকিং করে ভাইয়ের সঙ্গে মারামারির ঘোষণা

গাইবান্ধার পলাশবাড়ীতে নিজের ভাইয়ের সঙ্গে মারামারির ঘোষণা দিতে গ্রামজুড়ে মাইকিং করেছেন এক ব্যক্তি। বৃহস্পতিবার (৬ নভেম্বর) উপজেলার বৈরীহরিণমারী গ্রামে ঘটে এই ঘটনা। যা মুহূর্তেই সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়ে যায়। স্থানীয় সূত্রে জানা গেছে, মৃত আব্দুল হোসেনের ছেলে আব্দুল কুদ্দুস মিয়া দুপুরে রিকশায় মাইক বাজিয়ে গ্রামে ঘোষণা দেন, আগামীকাল জুমার নামাজের পর আমি আমার ভাই হাবিজারের সঙ্গে মারামারি করব। সবাই জানেন রাখেন। এই অদ্ভুত ঘোষণায় এলাকাবাসীর মধ্যে চাঞ্চল্যের সৃষ্টি হয়। কুদ্দুস মিয়ার এমন আচরণে গ্রামবাসী হতবাক হয়ে পড়েন। জানা গেছে, দুই ভাইয়ের মধ্যে পানের বরজের জমি নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলছিল। সেই বিরোধের জেরে কুদ্দুস মিয়া সিদ্ধান্ত নেন ছোট ভাইয়ের সঙ্গে 'মুখোমুখি' লড়াই করবেন এবং বিষয়টি সবাইকে জানাতে মাইকিং করেন। ঘটনার ভিডিও দ্রুত ফেসবুকে ছড়িয়ে পড়লে তা ভাইরাল হয়ে যায়। বিষয়টি স্থানীয় প্রশাসনের নজরে আসে। পলাশবাড়ী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জুলফিকার আলী ভুট্টো বলেন, ঘটনার পর বড় ভাই আব্দুল কুদ্দুস মিয়াকে থানায় ডেকে এনে দুই ভাইয়ের মধ্যে সমঝোতা করা হয়েছে। তিনি নিজের ভুল স্বীকার করেছেন এবং বলেছেন মাইকিং করে এমন ঘোষণা দেওয়া তার উচিত হয়নি।



মাদারগঞ্জে স্কুলের মাঠ দখল করে গড়ে উঠেছে স্যানিটারি ব্যবসা

মাদারগঞ্জ প্রতিনিধি

জামালপুরের মাদারগঞ্জ উপজেলার ইসলামাবাদ ওয়াসিম উদ্দিন উচ্চ বিদ্যালয়ের মাঠ দখল করে দীর্ঘদিন ধরে স্যানিটারি ব্যবসা চালাচ্ছে 'মেসার্স আলমগীর এন্টারপ্রাইজ'। বিদ্যালয় কর্তৃপক্ষের একাধিক নোটিশের পরও এখনো জায়গা খালি করেননি অভিযুক্ত ব্যবসায়ী আলমগীর কবির। সরেজমিনে গিয়ে দেখা যায়, বিদ্যালয় মাঠের দক্ষিণ-পশ্চিম প্রান্তে একটি টিনসেড ঘর নির্মাণ করে সেখানে স্থাপন করা হয়েছে 'মেসার্স আলমগীর এন্টারপ্রাইজ' নামের সাইনবোর্ড। ঘরটির চারপাশে স্যানিটারি সামগ্রী ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে। দেখে মনে হয় যেন এটি একটি স্থায়ী ব্যবসা প্রতিষ্ঠান, বিদ্যালয়ের খেলার মাঠ নয়। স্থানীয় সূত্রে জানা গেছে, ইউপি চেয়ারম্যান ও তৎকালীন ম্যানেজিং কমিটির সভাপতি মোস্তাফিজুর রহমানের সময় রেজুলেশনের মাধ্যমে মাসিক ১,৫০০ টাকায় ওই জায়গা ভাড়া দেওয়া হয়। আলমগীর কবির স্থানীয় আওয়ামী লীগের সদস্য হওয়ায় প্রভাব খাটিয়ে মাঠের একাংশ দখল করে নেন বলে অভিযোগ। বিদ্যালয়ের নবম শ্রেণির শিক্ষার্থী হাসান মুর্তুজা ও নবির হোসেন বলেন, "আমরা মাঠে খেলতে গিয়ে স্যানিটারি সামগ্রীতে ধাক্কা খেয়ে আঘাত পাই। মাঠে এখন আর স্বাভাবিকভাবে খেলা যায় না।" বিদ্যালয়ের প্রধান শিক্ষক আজাহারুল ইসলাম বলেন, তিনি আরও জানান, "স্থানীয় গণ্যমান্যদের অনুরোধে আলমগীরকে তিন দফা নোটিশ দেওয়া হয়–প্রথমে ৩০ সেপ্টেম্বর ২০২৪, পরে ২৩ অক্টোবর ২০২৫ এবং সর্বশেষ এডহক কমিটির মাধ্যমে। নির্ধারিত সময়ের মধ্যে জায়গা না ছাড়লে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।" অভিযুক্ত ব্যবসায়ী আলমগীর কবির বলেন, "বিগত কমিটি আমাকে তিন বছরের জন্য জায়গা ভাড়া দিয়েছে। দুই দফা নোটিশ পেয়েছি। আমি যদি সময় বাড়িয়ে নিতে পারি, তাহলে ব্যবসা চালিয়ে যাবো।" এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ছানোয়ার হোসেন বলেন, "শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত। অন্য কোনো কাজে এটি ব্যবহার করা যায় না। যদি স্কুল কর্তৃপক্ষ এমন সিদ্ধান্ত নিয়ে থাকে, তা অবশ্যই অনুচিত। তদন্তসাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।"



বকশীগঞ্জে কেরামতিয়া কামিল মাদরাসায় শিক্ষকদের ইন-হাউস প্রশিক্ষণ কর্মসূচি উদ্বোধন

মোস্তফা কামাল, বকশীগঞ্জ প্রতিনিধি

জামালপুরের বকশীগঞ্জ উপজেলার ঐতিহ্যবাহী দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান বাট্টাজোড় কেরামতিয়া রিয়াজুল ইসলাম কামিল মাদরাসায় শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নের লক্ষ্যে নিজস্ব অর্থায়নে ইন-হাউস প্রশিক্ষণ কর্মসূচি উদ্বোধন করা হয়েছে। দুই দিনব্যাপী এই প্রশিক্ষণ কর্মসূচি আজ ৬ নভেম্বর সকাল ৯টা থেকে শুরু হয়ে চলবে ৭ নভেম্বর বিকেল ৫টা পর্যন্ত। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মাদরাসার অধ্যক্ষ মাওলানা সুলতান মাহমুদ খসরু। প্রধান প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (ঘতঅউগ)-এর পরিচালক (গ্রেড৩), শিক্ষা মন্ত্রণালয়ের ড. মো. আতিকুল ইসলাম পাঠান। বিশেষ প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন ন্যাশনাল আইডিয়াল কলেজ, চট্টগ্রাম-এর সাবেক অধ্যক্ষ ড. ইসা মাহমুদ। সভাপতির বক্তব্যে মাওলানা সুলতান মাহমুদ খসরু বলেন, "শিক্ষকদের মানোন্নয়ন ছাড়া শিক্ষার গুণগত উন্নয়ন সম্ভব নয়। এই প্রশিক্ষণ কর্মসূচি শিক্ষকদের পাঠদানের দক্ষতা, নেতৃত্বগুণ ও আধুনিক শিক্ষাপদ্ধতি সম্পর্কে ধারণা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।" প্রধান প্রশিক্ষক ড. মো. আতিকুল ইসলাম পাঠান বলেন, "শিক্ষক হলেন জাতি গঠনের কারিগর। তাদের পেশাগত দক্ষতা ও মানোন্নয়ন শিক্ষার্থীদের ভবিষ্যৎ গঠনে সরাসরি প্রভাব ফেলে। বেসরকারি উদ্যোগে এ ধরনের প্রশিক্ষণ আয়োজন সত্যিই প্রশংসনীয়।" বিশেষ প্রশিক্ষক ড. ইসা মাহমুদ বলেন, "বর্তমান বিশ্বে জ্ঞানভিত্তিক সমাজ গড়ে তুলতে শিক্ষকদের নিয়মিত প্রশিক্ষণ অপরিহার্য। বাট্টাজোড় মাদরাসার এই উদ্যোগ অন্য প্রতিষ্ঠানগুলোর জন্য অনুকরণীয়।"
অনুষ্ঠানে শিক্ষকবৃন্দ প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে নিজেদের জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন আয়োজকরা।